Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

ENGLISH
For : WBCS, CGL, CHSL, SCHOOL SERVICE
By : Somen Muhury
বেলঘরিয়া, বারাসাত, ব্যারাকপুর, বারুইপুর
MONTHLY FEES
9830538588/9123328993

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

WBCS - CGL - BANK - RAIL
grassroot
7427927701
Dunlop • Tamluk
Sonarpur • Bolpur

বর্ষ ৩৯ সংখ্যা ৪৫ | কলকাতা | বুধবার, ১২ জুন ২০১৯/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ২৮ জ্যৈষ্ঠ ১৪২৬ | দাম ৪.০০ টাকা | ১৬ পাতা | R. N. 37120/80

## মিসলেনিয়াস সার্ভিসেস এক্সামিনেশনের মাধ্যমে রাজ্যে কয়েকশো অফিসার

পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন সার্ভিস ও বিভাগে কয়েকশো অফিসার নিয়োগ করা হবে। 'মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট এক্সামিনেশন, ২০১৯'-এর মাধ্যমে প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: ১৩/২০১৯।

দুই পর্যায়ের লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া হবে সেপ্টেম্বরে। প্রিলিমিনারি পরীক্ষা হবে কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন কেন্দ্রে। দার্জিলিং জেলার তফসিলি উপজাতি প্রার্থী এবং দার্জিলিং সদর, মিরিক ও কার্শিয়াং সাব-ডিভিশনের প্রার্থীদের ক্ষেত্রে প্রিলিমিনারি পরীক্ষা শুধুমাত্র দার্জিলিং পরীক্ষাকেন্দ্রেই হবে। কালিম্পং জেলার প্রার্থীদের ক্ষেত্রে পরীক্ষা নেওয়া হবে কালিম্পং কেন্দ্রে। তবে মেন পরীক্ষা সব প্রার্থীর ক্ষেত্রেই কলকাতায় হবে। পার্সোন্যালিটি টেস্ট হবে কমিশনের অফিসে।

যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। বাংলা পড়তে, লিখতে, বলতে জানতে হবে। তবে নেপালি যাঁদের মাতৃভাষা, তাঁদের বাংলা না জানলেও চলবে।

**চাকরি হবে প্রধানত এইসব পদে:** (১) অ্যাসিস্ট্যান্ট চাইল্ড ডেভেলপমেন্ট প্রোজেক্ট অফিসার, (২) ডিজাস্টার ম্যানেজমেন্ট অফিসার/ব্লক ডিজাস্টার ম্যানেজমেন্ট অফিসার, (৩) ব্লক ইউথ অফিসার/মিউনিসিপ্যাল ইউথ অফিসার/বরো ইউথ অফিসার, (৪) ব্লক ওয়েলফেয়ার অফিসার/ওয়েলফেয়ার অফিসার, (৫) ইন্সপেক্টর, ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ার, (৬)

এরপর চোদ্দোর পাতায়

## জীবনবিমা নিগমে কেরিয়ার এজেন্ট

বেশ কিছু কেরিয়ার এজেন্ট নেবে জীবনবিমা নিগমের ইস্টার্ন জোনাল অফিস (কলকাতা)।

যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে। তফসিলি, প্রাক্তন সমরকর্মী এবং অভিজ্ঞ প্রার্থীরা বয়সে ৫ বছরের ছাড় পাবেন।

আবেদন করতে পারেন যে-কোনও জেলার তরুণ-তরুণীরাই।

কেরিয়ার এজেন্টরা প্রথম বছর প্রতি মাসে ১২,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ১১,০০০ টাকা এবং তৃতীয় বছরে প্রতি মাসে ১০,০০০ টাকা স্টাইপেন্ড পাবেন। এছাড়াও ব্যবসার ওপর আকর্ষণীয় কমিশন, স্কুটার-বাইকের মতো যান কেনার জন্য অগ্রিম টাকা পাওয়া যাবে।

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি ও প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত জমা দিতে হবে ২১ জুনের মধ্যে।

দরখাস্ত জমা এবং প্রার্থী নির্বাচন পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই অফিসগুলিতে: (১) মেট্রো সেন্টার: ব্রাঞ্চ ম্যানেজার, এল আই সি অব ইন্ডিয়া, সি এ বি, এইচ বি অ্যানেক্স, ৪, সি আর অ্যাভিনিউ, কলকাতা-৭০০০৭২, ফোন: (০৩৩) ২২১২-৪৫৮০, ৯৮৩৬১-৯০১৩৪। (২) সিনিয়র ব্রাঞ্চ ম্যানেজার, সি এ বি-১, কুইন্স ম্যানসন, রাসেল স্ট্রিট, কলকাতা-৭০০০৭১। ফোন: ২২২৯-৪৭৩৩/৮৯১০২-৫৬১৮০। (৩) ব্রাঞ্চ ম্যানেজার, এল আই সি অব ইন্ডিয়া, সি এ বি-২, জীবন সুধা, ষষ্ঠ তল, ৪২ সি, চৌরঙ্গি রোড, কলকাতা-৭০০ ০৭১। ফোন: ২২৮৮-৯৯৩৯/৯৭৩৩০-১৭২৩৩। (৪) সিনিয়র ব্রাঞ্চ ম্যানেজার, সি এ বি, সি এফ-১৬৩, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৬৪। ফোন: ২৩৫৮-৮০৪৯/৯৪৩৩০-২১৩৬০। (৫) ব্রাঞ্চ ম্যানেজার, সি এ বি, বরানগর, ৪৬/১/সি, বি টি রোড, কলকাতা-৭০০ ০০২। ফোন: ২৫৫৭-২৪২২/৮৯০০৬-৮৬৯৩১।

## বেসিলে ১১০০

চুক্তিতে ১,১০০ জন কর্মী নিয়োগ করবে ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসাল্ট্যান্টস ইন্ডিয়া (বেসিল)। নিয়োগ করা হবে স্কিল্ড এবং আন-স্কিল্ড পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ২০১৯/১।

এরপর চোদ্দোর পাতায়

## নেহরু যুব কেন্দ্র সংগঠনে ৩৩১

ডিস্ট্রিক্ট ইউথ কোঅর্ডিনেটর, অ্যাকাউন্টস ক্লার্ক-কাম-টাইপিস্ট, মাল্টি টাস্কিং স্টাফ-সহ বিভিন্ন পদে ৩৩১ জনকে নেবে নেহরু যুব কেন্দ্র সংগঠন। এটি কেন্দ্রের ক্রীড়া এবং যুব মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। ট্রেনিং-কাম-প্রবেশন ২ বছরের। প্রার্থী বাছাইয়ের জন্য পরীক্ষা নেওয়া হবে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 11023/NYKS/Pers:Rect/2019.

শূন্যপদের বিবরণ: **ডিস্ট্রিক্ট ইউথ কোঅর্ডিনেটর/অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর:** ১৬০টি (সাধারণ ৬৫, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ১২, ও বি সি ৪৩, আর্থিকভাবে অনগ্রসর ১৬)। এর মধ্যে ৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। গ্রামোন্নয়ন বা যুবকল্যাণ বা স্বেচ্ছা-সমাজসেবার কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১-১-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

**জুনিয়র কম্পিউটার প্রোগ্রামার:**

এরপর চোদ্দোর পাতায়




## ভাবা অ্যাটমিক রিসার্চে ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট

৭৪ জন ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট/এ (গ্রুপ 'সি') নেবে ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1/2019 (R-II)

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসলি উপজাতি ১, ও বি সি ৬২, আর্থিকভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। **বয়স:** ১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ১৮,০০০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষার মাধ্যমে। প্রথম পর্যায়ের প্রিলিমিনারি টেস্টে প্রশ্ন হবে ম্যাথমেটিক্স (৬০ নম্বর), সায়েন্স (৬০ নম্বর) ও জেনারেল অ্যাওয়্যারনেস (৩০ নম্বর) বিষয়ে। দ্বিতীয় পর্যায়ের অ্যাডভান্সড টেস্টে প্রশ্ন হবে ম্যাথমেটিক্স (৪৫ নম্বর), সায়েন্স (৪৫

এরপর চোদ্দোর পাতায়

## সায়েন্স সিটি-তে ট্রেনি

কিছু এডুকেশন-ট্রেনি নেবে সায়েন্স সিটি। এটি ভারত সরকারের ন্যাশনাল কাউন্সিল অব সায়েন্স মিউজিয়ামসের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। প্রাথমিকভাবে নিয়োগ হবে ১ বছরের চুক্তিতে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ আরও ১ বছরের জন্য বাড়ানো হতে পারে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: TR/1/2019.

**শিক্ষাগত যোগ্যতা:** সায়েন্স শাখায় স্নাতক। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স-সহ কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স বা স্ট্যাটিস্টিক্স-এর মধ্যে যে-কোনও দু'টি বিষয় অথবা কেমিস্ট্রি-সহ জুলজি, বটানি, মাইক্রোবায়োলজি, এনভায়রনমেন্ট সায়েন্স, বায়োটেকনোলজি, মলিকিউলার বায়োলজির মধ্যে যে-কোনও দু'টি বিষয় পড়ে থাকতে হবে।

২০১৫ শিক্ষাবর্ষের আগে স্নাতক হয়ে থাকলে আবেদন করবেন না। স্নাতকোত্তর ডিগ্রিধারী, গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার এবং যাঁরা এর আগে ন্যাশনাল কাউন্সিল অব সায়েন্স মিউজিয়ামসের কোনও ইউনিটে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন তাঁরা আবেদন করবেন না।

স্টাইপেন্ড: প্রতি মাসে ১৪,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং কমিউনিকেশন স্কিল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষা ২৮ জুন, সকাল সাড়ে ৮টা থেকে।

আবেদন করতে হবে নির্দিষ্ট

এরপর চোদ্দোর পাতায়



Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ৪৫ □ ১২ জুন ২০১৯

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ: karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ: swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**সরাসরি 7 দিনে স্থায়ী চাকরি**
গভঃ রেজিঃ নং: 254/01, কোনও ডোনেশন লাগে না। যোগ্যতা: নামসই-স্নাতক। সরাসরি কোং পে-রোলে উঃ বঙ্গ-সহ 23টি জেলায় স্থায়ী জব। বেতন: 14,500/- – 37,500/-. পদ: ক্লার্ক, ম্যানেজার, SV, ASV, ইনচার্জ, পিওন, ATM, টাওয়ার, ব্যাঙ্ক (DSA), Ex-ম্যান, গানম্যান। কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেল, এয়ারপোর্ট, জাহাজে, মার্চেন্ট নেভিতে) OT, ছুটি, PF, বোনাস, থাকা, খাওয়া (সাঁওতাল, আদিবাসী, মুন্ডাদের) ST, SC, OBC-দের সুবিধা। G.C.A, B.B. N 24 Pgs. 99335-27495, 80136-07954.

□

**Airport ও মেট্রোতে 322 জনের Direct নিয়োগ**
GST নং: 29AAACA6412D3J3 কন্ট্রাক্টরের অধীনে SV, ইনচার্জ, চেকিং, ট্রলিবয়, টোকেনবয় পদে সম্পূর্ণ বিনা ডোনেশনে M/F চাই। এছাড়া প্রতিটি জেলায় BANK (DSA)-তে Official পদে কর্মী চাই। বেতন: 16,200/- – 32,700/-. যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। ESI, PF ও OT-এর সুবিধা। (M): 74786-13356. A. J. Belgharia, Kol-56.

□

**আর্জেন্ট**
এয়ারপোর্ট, মেট্রো, ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ চলছে। M/F, বেতন: 18K-35K, M: 85129-50832. OM EDUCATIONAL, Address: V.I.P Bazar, Kol-100.

□

**Salary 10400 - 19500/-**
3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

**Jio/ Vodafone/ Naptol** কাস্টমার কেয়ারে বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন— INC + OT সহ 12,000/- Z. M. Group, Salt Lake Sec-V, Kol-91, M: 98301-20692/ 75969-91728.

□

**স্টার হোটেলে চাকরি**
ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৫ জুন দুপুর ২টো পর্যন্ত।
□□□
২৬ জুন **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২২ জুন দুপুর ২টো পর্যন্ত।
□□□
**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

**হোটেলে স্থায়ী চাকরি**
কেন্দ্র-রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় 3/6/9 মাসের কোর্স। লিখিত গ্যারান্টি-সহ আয় ৮,০০০/- + থাকা খাওয়া ফ্রি। www.bshm.co.in গড়িয়া: 92316-80651.

□

**BSNL/VODA/JIO**
কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

**আপনার ভবিষ্যৎ গড়ুন সঠিক জায়গায়- ফোন করুন গ্যারান্টি-সহ 3 দিনে স্পট জয়েনিং**
**যোগাযোগ: (M): 83484-08500**
**Govt. Regd. No. L/C 8447, সম্পূর্ণ** বিনা ডোনেশনে সমস্ত বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী Airport-এ কন্ট্রাক্টরের অধীনে ও Pvt. Bank (DSA)-তে জয়েনিং চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: (14,500/- – 48,700/-) OT+PF+ESI বোনাস প্রমোশন -সহ যাতায়াত ও থাকা খাওয়া ফ্রী। ফর্ম দেওয়া চলছে। বিশদ জানতে ফোন করুন M: 83484-08500, G. C. দমদম।

□

**সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank**
বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www.gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

**এয়ারপোর্ট ও মেট্রোর গভঃ রেজিঃ সংস্থা R/L No.-3292**
**M : 74070-36062**
শূন্যপদ: 216, বয়স: 18-35 পুরুষ মহিলা কর্মপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই থেকে স্নাতক। বেতন: 16,900/- – 48,700/-, PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। S. J. S, Kol-110.

□

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**
স্পট জয়েনিং। জেলায় জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 89728-69872.

□

**Airport ও মেট্রোয় পার্মানেন্ট জব Govt - R/L No.-0287**
কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি সহকারে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,600/- – 48,500/-, S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-54. M: 89678-57516.

□

**SBI Banking/ Naptol/Jio** কাস্টমার কেয়ারে বাংলা ভাষী নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন— INC + OT সহ 12,000/- Z. M. S, Salt Lake Sec-V, Kol-91, M: 90880-93059/96747-95345.

□

**কন্ট্রাক্টরের অধীনে নাগরিক বিকাশ** প্রকল্পের সুপারভাইসর পদে M/F নিয়োগ চাই। এজেন্ট স্বাগত। A. A, বাগুইআটি, কোল-59. 80176-97720.

□

**Direct কোম্পানিতে ন্যূনতম H. S. পাশ** (18-30) 19 জন কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8-10K, Itech, ডানলপ, Kol-108. M: 83368-25980.

□

## কর্মখালি

**আর্জেন্ট রিক্রুটমেন্ট- লিখিত গ্যারান্টি-সহ 5 দিনের মধ্যে অফার লেটার-সহ এয়ারপোর্ট ও Bank (DSA)-তে M/F চাই**
পঃ বঃ-সহ উঃ বঃ বেকার ছেলেমেয়েদের জন্য গভঃ স্বীকৃত লাইসেন্সপ্রাপ্ত অফিস দিচ্ছে কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও নিজের জেলায় Bank DSA-তে কাজের সুযোগ। কোনওরকম ডোনেশন লাগে না। 60 বছর কাজের এগ্রিমেন্ট থাকবে। ১৮-৪০-এ নামসই থেকে স্নাতক, আবেদন করতে পারে। ৭ দিনের মধ্যে যোগাযোগ করুন। R. L. T, Dum Dum, Kol-30, (M): 74788-28215.

□

**SBI / HDFC / ICICI / PAN CARD /** PAYTM ব্যাঙ্কিং প্রসেসে অফিসিয়াল পদে 335 জন স্মার্ট বাংলাভাষী M/F (18-35) সরাসরি নিয়োগ চলছে। বেতন: 11,765/- – 35,950/- (PF + ESI). W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, ধর্মতলা / বেহালা: 62892-51870, হাওড়া / বালি: 90513-83837.

□

**এয়ারপোর্ট ও Pvt ব্যাঙ্ক**
স্ট্যাম্প পেপারে লিখিত-সহ Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,900/- – 47,300/-, অন্যান্য সুবিধা। N. C, Dum Dum, Kol-74. M: 89678-66030.

□

**Jio/ SBI/ বাড়ির কেয়ারে M/F নিয়োগ** চলছে। বেতন— INC + OT সহ 12,000/- Z. M. Group, Salt Lake Sec-V, Kol-91, M: 96747-95345/ 70440-49492.

□

**Back Office-এ C.C.E পিওন পদে** স্পট নিয়োগ। বেতন: 10,800/- –, (M.P-M.A), S. P. BWN-0.1, বাঁকুড়া / বীরভূম / বর্ধমান: 70449-87955.

□

**Direct নিয়োগ**
**এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে**
**M: 96148-26939**
সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48,900/-. PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রীতে। S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-74.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**
ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 গড়িয়া ও দমদম: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide** বেলঘরিয়া CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682.

□

**টিচার্স ট্রেনিং**
প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

**পাঠকের প্রতি**
কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

**ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ সরাসরি ভর্তি চলছে**
**'2 Years** প্র্যাক্টিক্যাল নার্সিং ট্রেনিং'-এ (Approved by BSS, Ministry of HRD, Govt. of India) আবাসিক/ অনাবাসিক-এ সরাসরি ভর্তি চলছে। যোগ্যতা: মাধ্যমিক/উঃ মাধ্যমিক। ট্রেনিং-এর শেষে চাকরি। Instalment-এ ফিস দেওয়ার সুযোগ। স্কলারশিপ প্রদান। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 97329-37726.

□

**350 টাকা মাসে**
**RAIL, PSC ক্লার্ক পড়ানো হয়। MATH,** G.I, G.K, শিয়ালদহ, ঢাকুরিয়া, Kol-31, P. A. 98046-61270.

□

**নার্সিং ট্রেনিং (100% Job)**
**Shree Jain Hospital (Howrah),** GNM, B. Sc, Approved by INC / KNC, Bangalore 10TH + 12TH Passed (Science/Commerce/Arts). Call: 75968-74245 / 75968-74246.

□

**Nursing Training**
**Sagar Durga School of Nursing,** Visakhapatnam, Andhra Pradesh GNM Nursing Training approved by A. P Nursing Council and Indian Nursing Council (INC), New Delhi for boys and girls. Institutions No.: 0891-2712398, Secretary-88011-11011, West Bengal: 90078-11110.

□

**নার্সিং ট্রেনিং**
**পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত (STVT),** 2 Years Diploma In Nursing, Hospital Practice যুক্ত, Placement Assistance, Nursing কোর্সে ভর্তি চলিতেছে। রবীন্দ্র পাঠ ভবন, 83350-66916 / 83350-66915.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**নার্সিং কোর্সে ভর্তি**
**GNM ও B.Sc (N)** সরাসরি ভর্তির জন্য যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□

**টিচার্স ট্রেনিং**
প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

**অপ্টোমেট্রি ও প্যাথলজি**
**ইউনিভার্সিটি স্বীকৃত D.Opt. B.Opt** এবং DMLT, BMLT কোর্সে ভর্তি চলছে। ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যাল সাইন্স, গড়িয়া স্টেশন রোড, ছোটবটতলা, কোল-84. (M): 70447-16334/ 98742-30442.

□

**Math & Eng** সোনারপুর **WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

**MANJUSHA**
WBHDCL (A Govt. of West Bengal Undertaking) invites application for **Manager Accounts, Sales Manager, Manager Planning & Project, Senior Sales Assistant, Junior Sales Assistant and Data Entry Operator** from eligible candidates. For details please visit www.manjusha.in
*Managing Director*

**কর্মক্ষেত্র কারা পড়েন?**
একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

**স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই**
প্রথম ভারতীয় ভূপর্যটক বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০
শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০
**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০
নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫
অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০
রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০
শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০
**সেরা ভ্রমণকাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
**ছোটদের বই**
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর অশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

স্বনির্ভরতার নানা পথ

# কোন মেশিনে কী ব্যবসা

## ওয়েল্ডিং ট্রান্সফর্মার মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



**নিজস্ব প্রতিনিধি:** ওয়েল্ডিং ট্রান্সফর্মার মেশিনের সাহায্যে জানলা-দরজার গ্রিল, লোহার গেট প্রভৃতি তৈরি হয়ে থাকে। এছাড়া এই মেশিনের সাহায্যে ঝালাইয়ের কাজ, লেদ কারখানার কাজ প্রভৃতিও হয়ে থাকে। অর্ডার অনুযায়ী এই মেশিনের সাহায্যে লোহার গ্রিল বা গেট তৈরি ও ঝালাই করার ব্যবসা শুরু করে দিতে পারেন।

**কীভাবে করবেন:** লোহার গ্রিল তৈরি করতে হলে কাঁচামাল হিসেবে প্রথমে লোহা কিনে আনতে হবে। এবার সেই লোহা ডিজাইন অনুযায়ী কাটিং মেশিনের সাহায্যে নির্দিষ্ট মাপে কেটে নিতে হবে। এরপর পছন্দমতো ডিজাইন অনুযায়ী তাকে আকার দিয়ে এই মেশিনে ওয়েল্ডিং করে সেগুলি জুড়তে হবে। সবশেষে কম্প্রেসর মেশিনের সাহায্যে রং করে অর্ডার অনুযায়ী সাপ্লাই করুন।

এই মেশিন চালাতে বিদ্যুৎ লাগবে ২২০ থেকে ৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** ১৫০ অ্যাম্পিয়ার মেশিনের দাম পড়বে ৫,০০০ টাকা, ৩৫০ অ্যাম্পিয়ার মেশিনের দাম পড়বে ৮,০০০ টাকা। এছাড়া কাটিং মেশিনের দাম পড়বে ১,০০০ টাকা। মোটর সমেত ১০০ পাউন্ডের কম্প্রেসর মেশিনের দাম পড়বে ৯,৫০০ টাকা।


**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324 22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com


Admission Going on 2019

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ ছাত্র-ছাত্রীরা
MANAGEMENT পড়তে পড়তে চাকরী ও INCOME করার
সুবর্ণ সুযোগ

HOSPITALITY & HOTEL MANAGEMENT
Course Duration 3 Years

-ঃ বিশেষ সুবিধা ঃ-
• Education Loan-এর সুবিধা • Job Bond Letter
• Free Hostel • Free Books & Dress




OUR PLACED STUDENTS



MATANGINI INSTITUTE OF TECHNOLOGY & MANAGEMNET
MITM
Govt. Regn. No.- S/2L/46401
Panskura (R.S.), Purba Medinipur
Mob. : 9564784173 / 7586053479



বিগত বছরে আমাদের প্রতিষ্ঠান থেকে পাশ করে সরকারী চাকরীতে কর্মরত।




VISWA BHARATHI TRUST

B.Ed - 60,000/-
D.El.Ed - 58,000/-
LL.B - 57,000/-
কোর্সে ভর্তি চলছে (পশ্চিমবঙ্গ থেকে)

কেন VISWA BHARATHI TRUST-এ ভর্তি হবে?
১. কলেজের নিজস্ব MULTI SPECIALITY HOSPITAL।
২. কলেজে 60% - 80% রেজাল্ট।
৩. ২৪ ঘন্টা সি.সি.টিভি ক্যামেরা, Aquaguard জল ও কারেন্টের ব্যবস্থা আছে।
৪. সমস্ত ছাত্র-ছাত্রীদের ইংরেজি ভীতি কাটানোর জন্য Special Spoken English-এর ব্যবস্থা আছে।
৫. কোর্স শেষে বিদেশ, কলকাতা ও ব্যাঙ্গালোর চাকরির সুযোগ।
৬. ছুটির দিনে বেড়াতে নিয়ে যাওয়া হয়।
৭. স্টুডেন্টদের লোন ও স্কোলারশিপ-এর সহায়তা করা হয়।

সম্পূর্ণভাবে উন্নত মানের বেঙ্গলী কুক দ্বারা খাবারের ব্যবস্থা 1day Fish, 2days Egg, 1day Chicken

GNM, BSC, নার্সিং এ ভর্তি (ব্যাঙ্গালোর ও অন্ধ্র)

SRI SHARADA NURSING COLLEGE (B.Sc)
VISWA BHARATHI SCHOOL OF NURSING (GNM)
INC স্বীকৃত। উচ্চমাধ্যমিক পাশ (35%-45%) মার্কস সহ যে কোনো শাখার ছেলে ও মেয়েরা ভর্তি হতে পারে।

19.06.19 তারিখের মধ্যে ভর্তি হলে কোর্সের উপর 5% Discount
GNM = 2,20,000 = 2,09,000/-
BSC = 3,20,000 = 3,13,500/-

100% LOAN ও PLACEMENT HELPING, MINORITY SCHOLARSHIP

বিগত বছর গুলিতে আমাদের প্রতিষ্ঠান থেকে যারা ভর্তি হয়েছে তাদের কয়েকজনের ছবি দেওয়া হলো



বিঃ দ্রঃ- মাত্র ১০০০০ টাকায় ভর্তি করে ৬ ঘন্টার মধ্যে Admission Letter হাতে পাবেন।

ঘোষ এডুকেশন সেন্টার An ISO 9001:2015 certified
দমদম রেল স্টেশন, কলকাতা - 700030, H.O. : 7797314385
কলকাতা : 9609440908, জলপাইগুড়ি : 9681176207 (C.O) কামারপুকুর (আরামবাগ) : 7047093097, মুর্শিদাবাদ ঃ 8001883094, দঃ দিনাজপুর : 9735022549, সোনারপুর : 8001946942, মেদিনীপুর : 8001967916, ওনদা (বাঁকুড়া) : 6297535731, দুর্গাপুর : 8001883094

GNM-2,20,000
BSC-3,30,000

শিক্ষক এবং সম্মানীয় ব্যক্তিরা
7797314385



জ্ঞানকোষ একাডেমি

ISO 9001:2015 Certified Org. Head Office: Dumdum, Kol-74 Website : www.gyankoshacademy.com

যোগাযোগ- দমদম- 7980879741, চণ্ডীপুর- 9732794580

GNM নার্সিং করার শেষ সুযোগ

B.Sc. নার্সিং করুন অল্প খরচে

- JENPAUH ছাড়া পাশের রাজ্য থেকে। (সম্পূর্ণ বাঙালী খাবার)
- কলকাতায় ক্লাস ও Practical এর ব্যবস্থা
- A.C. ক্লাস রুম। D.Pharm, Pharm.D
- Doctor এবং সিনিয়ার নার্সিং Sister দ্বারা ক্লাস হয়।
- B.Tech -Semi Govt. কলেজ থেকে পড়ার সুযোগ।
- MBA, Hotel & Hospitality Management বিদ্যাসাগর ও রায়গঞ্জ।
- ইউনিভার্সিটি থেকে পড়ার সুযোগ

100% নিশ্চিৎ চাকরী

ভগবানপুর ও বাজকুল- 9083619610, সন্দেশখালী-9800585956
বাঁকুড়া ও বিষ্ণুপুর-9749314146 চন্দ্রকোনা, গোয়ালতোড়-9007198208,
আরামবাগ (VICE)- 9733590675, কোতুলপুর-8918766894,
সাঁতরাগাছী ও লালগড়- 7980721031, দুর্গাপুর- 9475124588
ইন্দাস- 7063693003, বর্ধমান- 9474054537 পুরুলিয়া - 9434246274

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*যে কাজটা করবে বলে একবার ঠিক করেছ, সেই কাজটা সম্পূর্ণ না করা পর্যন্ত থেমো না। জীবনে কখনওই হাল ছেড়ো না।*
*— উইনস্টন চার্চিল*
*(প্রাক্তন ব্রিটিশ প্রধানমন্ত্রী)*

***✓ ইংরেজির অনার্স গ্র্যাজুয়েট। কম্পিউটার অ্যাপ্লিকেশনের কোর্স করেছি। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি চলছে। এ পর্যন্ত দু'টি সরকারি চাকরির পরীক্ষায় বসার জন্য দরখাস্ত করেছি। এখনই দরখাস্ত করা যায়, এরকম চাকরির খবর জানতে চাই।***

*উদয় দত্ত, নরেন্দ্রপুর, কলকাতা।*

☐ বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারেন। পছন্দের কয়েকটি চাকরি বেছে নিয়ে সেগুলির পরীক্ষার জন্য আগে থেকে প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ২৮০জন অ্যাসিস্ট্যান্ট নেবে এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশন। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই পদে আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ২২ মে সংখ্যায় এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ২৫ জুনের মধ্যে, এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: www. epfindia.gov.in, https://www.epfindia.gov.in/site_en/index.php

২৮০জন অ্যাসিস্ট্যান্ট নেবে এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশন। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই পদে আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ২২ মে সংখ্যায় এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ২৫ জুনের মধ্যে।

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলির অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষায় বসতে পারবেন। রেলে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, ট্রাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন সরকারি সংস্থায় অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। স্নাতকে প্রথম শ্রেণির নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে প্রবেশনারি অফিসার, ক্লার্ক এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন।

***✓ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা করার পরে ইন্ডাস্ট্রিয়াল সেফটিতে ডিপ্লোমা করেছি। চাকরির খবর দেবেন।***

*শুভেন্দু পাইন, সালকিয়া, হাওড়া।*

☐ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং যোগ্যতায় বিভিন্ন সংস্থাতেই আপনি চাকরির জন্য আবেদন করতে পারবেন। ইন্ডাস্ট্রিয়াল সেফটিতে ডিপ্লোমার যোগ্যতা থাকায় রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থায় সেফটি অফিসার পদেও আপনি আবেদনের যোগ্য।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু সেফটি অফিসার নিয়োগ করবে রাষ্ট্রায়ত্ত সংস্থা মেকন লিমিটেড। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৯ মে সংখ্যায় 'মেকনে ১০৮' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২০ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www. meconlimited.co.in

***পরে আবেদন করতে পারবেন:*** প্রোডাকশন ও ম্যানুফ্যাকচারিং সংস্থাগুলিতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীদের চাকরির সুযোগ থাকেই। এ ছাড়াও, রেল-সহ আরও বিভিন্ন পরিষেবামূলক সরকারি সংস্থায়ও চাকরির ভালো সুযোগ রয়েছে। এইসব সংস্থার চাকরির বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর বিশদে জানানো হয়।

***✓ ইতিহাসের গ্র্যাজুয়েট। টাইপিং জানি। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স করছি। টাইপিং জানতে হয়, এরকম চাকরির খবর দিলে উপকৃত হব।***

*সৌমিত্র নাগ, শেওড়াফুলি, হাওড়া।*

☐ টাইপিং জানা থাকায় বিভিন্ন সরকারি চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষার জন্য প্রস্তুতি নিন। লিখিত পরীক্ষায় সফল হলে তবেই টাইপিং টেস্টের জন্য ডাক পাবেন। নির্ভুল টাইপিংয়ের ওপরে জোর দিন। সেইসঙ্গে টাইপিংয়ের গতি বাড়ানোরও চেষ্টা করতে হবে। আপনার চিঠিতে টাইপিংয়ের গতি সম্পর্কে কোনও তথ্য নেই। মিনিটে অন্তত ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার গতি থাকলে টাইপিং জানা বাধ্যতামূলক এরকম প্রায় সমস্ত চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** জুনিয়র সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট পদে কিছু লোক নেবে বেঙ্গালুরুর ন্যাশনাল ইনস্টিটিউট অব মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেস। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই পদের চাকরির জন্য আবেদনের যোগ্য। কম্পিউটারে মিনিটে অন্তত ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ২৯ মে সংখ্যায় 'সরকারি স্বাস্থ্যপ্রতিষ্ঠানে ১১৫ নার্স ও জুনিয়র সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২৯ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nimhans.ac.in

জুনিয়র সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট পদে কিছু লোক নেবে বেঙ্গালুরুর ন্যাশনাল ইনস্টিটিউট অব মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেস। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই পদের চাকরির জন্য আবেদনের যোগ্য। কম্পিউটারে মিনিটে অন্তত ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট, সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট, সিনিয়র টাইম কিপার পদে আবেদন করতে পারবেন। সবক'টি পদের ক্ষেত্রেই টাইপিং জানা বাধ্যতামূলক। কেন্দ্রীয় সরকার প্রতিবছরই কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পরীক্ষার মাধ্যমে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে নিয়োগ করে থাকে। আপনি এই পদের পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন। পরীক্ষা নেয় স্টাফ সিলেকশন কমিশন। পশ্চিমবঙ্গ সরকারের লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে পশ্চিমবঙ্গের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। ডাকবিভাগে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট/সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। আদালতে টাইপিস্ট পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় নজর রাখুন, আছে আরও চাকরি।

***✓ ইলেক্ট্রিক্যাল ট্রেডে ২ বছরের আই টি আই কোর্স করেছি। যত দ্রুত সম্ভব চাকরি পেতে চাইছি। চাকরির খবর দেবেন। রেলের চাকরিতে বিশেষ আগ্রহ আছে। রেলের কোন পদে আমি আবেদন করতে পারব জানাবেন।***

*স্নেহাশিস মাইতি, কাঁথী, পূর্ব মেদিনীপুর।*

☐ ইলেক্ট্রিশিয়ান ট্রেডে বিভিন্ন সংস্থাতেই চাকরির সুযোগ আছে। বিদ্যুৎ উৎপাদন ও বিতরণ সংস্থাগুলিতে প্রচুর ইলেক্ট্রিশিয়ানের দরকার হয়। এক্ষেত্রে ভালো চাকরির সুযোগ রয়েছে। এধরনের সংস্থাগুলিতে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়ে থাকে। রেলে চাকরির বিশেষ আগ্রহ আছে বলে জানিয়েছেন। সেক্ষেত্রে আগে থেকেই রেলের চাকরির জন্য প্রস্তুতি নিতে পারেন। আপনি রেলের টেকনিশিয়ান, লেভেল-ওয়ান গ্রুপের বিভিন্ন পদে আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদেও আপনি আবেদন করতে পারেন।

***এখনই আবেদন করতে পারেন:*** বেশকিছু ইলেক্ট্রিশিয়ান নেবে ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন। ওয়ারম্যান ও ইলেক্ট্রিক্যাল ফিটার ট্রেডের আই টি আই সার্টিফিকেটধারীরাও এই পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-র ২৯ মে সংখ্যায় 'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনে ৩৪৫ টেকনিশিয়ান' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ২৬ জুনের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.drdo.gov.in

বেশকিছু ইলেক্ট্রিশিয়ান নেবে ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন। ওয়ারম্যান ও ইলেক্ট্রিক্যাল ফিটার ট্রেডের আই টি আই সার্টিফিকেটধারীরাও এই পদে আবেদন করতে পারবেন।

## ধৈর্য ধরে লড়াইটা চালান সফল আপনি হবেনই



**সৌমাভ রায়**
অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার, কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অব ইন্ডিয়া

কেমিস্ট্রি অনার্স নিয়ে গ্র্যাজুয়েশন সম্পূর্ণ করার পরে সরকারি চাকরির প্রতিযোগিতামূলক পরীক্ষাগুলির জন্য প্রস্তুতি নেওয়া শুরু করি। অ্যাপ্লায়েড কেমিস্ট্রি নিয়ে এম এসসি পড়ার ইচ্ছা ছিল। পরিস্থিতির ফেরে সে ইচ্ছা বাস্তবায়িত হয়নি। চাকরির চেষ্টা শুরু করতে হয়েছিল। আমার কাছে ওই প্রচেষ্টা ছিল প্রকৃতপক্ষে একটা যুদ্ধ। গ্র্যাজুয়েশন সম্পূর্ণ হয়েছিল ২০০৯ সালে।

ডব্লু বি সি এসের জন্য প্রস্তুতি নেওয়া শুরু করলাম। বেশ কঠিন পরীক্ষা। ৮-৯টা বিষয় খুঁটিয়ে পড়তে হয়। দশ মাসের ধারাবাহিক সেই পড়াশোনা শুধু ডব্লু বি সি এস নয়, আরও অনেকগুলো পরীক্ষার জন্য তৈরি করে দেয়। পড়াশোনার ফাঁকেই প্রতিযোগিতামূলক অন্যান্য চাকরির পরীক্ষাগুলোয় বসতে শুরু করলাম। ডব্লু বি সি এস এবং স্টাফ সিলেকশন কমিশনের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মধ্যে ৭০ শতাংশ মিল রয়েছে। কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের পরীক্ষা দিয়ে ২০১০-এ কেন্দ্রীয় সরকারে অডিটরের চাকরি পেয়েছিলাম। কানপুরে পোস্টিং। বাবার অসুস্থতার কারণে তখন কানপুরে যাওয়া সম্ভব ছিল না বলে এই চাকরিতে যোগ দিইনি। ২০১১-য় ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ক্লারিক্যাল গ্রেডে চাকরি হল। এই প্রথম চাকরিতে যোগ দিলাম। একে একে অন্যান্য পরীক্ষার ফল প্রকাশ হতে থাকল। চাকরি হল পি এস সি-র মিসেলেনিয়াস সার্ভিসেসে, ইন্টেলিজেন্স ব্যুরোর ইন্টেলিজেন্স অফিসার পদে এবং ডব্লু বি সি এসের 'সি' গ্রুপে অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার পদে। এর কোনওটিতেই আমি যোগ দিইনি।

কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের পরীক্ষায় বসেছিলাম আবারও। চাকরি হল দ্বিতীয়বারও। ব্যাঙ্কের চাকরি ছেড়ে যোগ দিলাম এবার কেন্দ্রীয় সরকারের চাকরিতে, অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার পদে। ২০১২-র শেষে এই চাকরিতে যোগ দিই। পরে বিভাগীয় পরীক্ষা দিয়ে গেজেটেড র‍্যাঙ্কে উত্তীর্ণ হয়েছি।

এই যে পরপর চাকরি পাওয়া, এর মধ্যে কোনও ম্যাজিক নেই। বোধবুদ্ধি প্রয়োগ করে ৬-৭ মাস নিরবচ্ছিন্ন পড়াশোনা করলে প্রতিযোগিতামূলক চাকরির পরীক্ষার জন্য অনেকটাই প্রস্তুত হয়ে যাওয়া যায়। তারপরে দু-তিনটি চাকরির পরীক্ষায় বসলেই আপনার প্রস্তুতি কোন পর্যায়ে রয়েছে বুঝতে পারবেন। এরপর খামতিগুলো মেরামত করে নিতে পারলেই আপনার প্রস্তুতি একটা পরিপূর্ণ রূপ পাবে।

একটা কথা মনে রাখতে হবে, পড়াশোনাটা করতে হবে ধারাবাহিকভাবে। একদিন ১০ ঘণ্টা পড়লাম, পরের চারটে দিন আর পড়লামই না, এরকম করলে কাঙ্ক্ষিত ফল পাওয়া যাবে না। আর প্রথম দু'-একটা পরীক্ষায় সফল হতে না পারলে হতাশ হবেন না। প্রথম কয়েকটি পরীক্ষা আসলে আপনার প্রস্তুতিরই অঙ্গ। সফল হতে শুরু করলে পরপর সফল হবেন। একাধিক পরীক্ষায় সফল হবেন। পছন্দের চাকরিটি বেছে নিতে পারবেন। একটা লড়াই তো চালাতেই হবে। সেটা থেকে পিছিয়ে আসলে চলবে না। আর লড়াইয়ে জেতার জন্য একটু ধৈর্যের দরকার হবে।

একটা কথা মনে রাখতে হবে, পড়াশোনাটা করতে হবে ধারাবাহিকভাবে। একদিন ১০ ঘণ্টা পড়লাম, পরের চারটে দিন আর পড়লামই না, এরকম করলে কাঙ্ক্ষিত ফল পাওয়া যাবে না।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

## কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে ‘জীবিকাজিজ্ঞাসা’ কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## পি এস সি

□ *পশ্চিমবঙ্গ পি এস সি আয়োজিত ‘ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিস এক্সামিনেশন’-এর মেন পরীক্ষার বিস্তারিত সিলেবাস জানতে চাই। —সুমিত দে, আমডাঙা, উত্তর ২৪ পরগনা।*

□□ ‘ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিস এক্সামিনেশন’-এর মেন পরীক্ষায় থাকবে আটটি করে কম্পালসরি পেপার ও অপশনাল পেপার। অপশনাল পেপারের মধ্যে যে-কোনও তিনটি পেপার বাছতে হবে। প্রতিটি পত্রের মান ১০০ নম্বর। সময়সীমা ৩ ঘণ্টা। কম্পালসরি পেপার গুলি হল: ১) ইংরেজি কম্পোজিশন, এসে ও প্রেসি রাইটিং, ২)বাংলায় কম্পোজিশন ও এসে রাইটিং, ইংরেজি থেকে বাংলায় অনুবাদ, ৩) জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, ৪) সিভিল প্রসিডিওর কোড, ৫) ক্রিমিনাল প্রসিডিওর কোড অ্যান্ড ইন্ডিয়ান পেনাল কোড, ৬) ইন্ডিয়ান এভিডেন্স অ্যাক্ট, ৭) ল অব কন্ট্র্যাক্টস অ্যান্ড টর্টস, ৮) ট্রান্সফার অব প্রপার্টি অ্যাক্ট। অপশনাল পেপারগুলি হল: ১) হিন্দু ল, ২) মহামেডান ল, ৩) জুরিসপ্রুডেন্স অ্যান্ড প্রিন্সিপলস অব লেজিসলেশন, ৪) ইন্ডিয়ান ল রিলেটিং টু কোম্পানিজ অ্যান্ড ইনসিওরেন্স, ৫) প্রিন্সিপলস অব ইক্যুইটি ইনক্লুডিং দ্য ল অব ট্রাস্টস অ্যান্ড স্পেসিফিক রিলিফ, ৬) পার্টনারশিপ অ্যাক্ট, ৭) ল অব লিমিটেশন অ্যান্ড ল অব প্রেসক্রিপশন, ৮) দ্য ইন্ডিয়ান কনস্টিটিউশন অ্যান্ড কনস্টিটিউশনাল ল। ওয়েবসাইট: www.pscwb.org.in

## কোর্স, ট্রেনিং

□ *দুর্গাপুরের সেন্ট্রাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউটে অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —সৌমি পাল, চকদিঘি, পূর্ব বর্ধমান।*

□□ অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং টেকনোলজির ১ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে দুর্গাপুরের সেন্ট্রাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট। কোর্স শুরু হবে অগস্টে। আসনসংখ্যা ৩০। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ম্যানুফ্যাকচারিং বা প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে বি ই বা বি টেক। ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্সের অ্যাসোসিয়েট মেম্বাররাও আবেদনের যোগ্য। কোর্স ফি: সেমেস্টার প্রতি ২৬,০০০ টাকা। প্রাথমিকভাবে মেধার মাধ্যমে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে অ্যাপ্টিটিউড টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে ৮ ও ৯ জুলাই। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.cmeri.res.in ফি বাবদ অনলাইনে এস বি আই পোর্টালের মাধ্যমে দিতে হবে ২০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং মহিলাদের ক্ষেত্রে কোনও ফি লাগবে না। পূরণ করা আবেদনপত্রটি স্ক্যান করে পাঠাতে হবে ই-মেলে এই ঠিকানায়: coordinator.cmeri@acsir.res.in এ ছাড়াও ফি জমা দেওয়ার স্লিপের মূল কপি-সহ পূরণ করা আবেদনপত্র ৮ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Coordinator, AcSIR, CSIR-Central Mechanical Engineering Research Institute, Mahatma Gandhi Avenue, Durgapur-713 209 (W.B.).

□ *বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে এগ্রিকালচার বিষয়ে স্নাতক কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —জয় মণ্ডল, ঝালদা, পুরুলিয়া।*

□□ কৃষি বিষয়ক এগ্রিকালচারের স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ৪ বছর। কোর্সগুলি পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের মোহনপুর, বর্ধমান এবং বাঁকুড়া ক্যাম্পাসে। আসনসংখ্যা: মোহনপুর ক্যাম্পাসে ১১১। বর্ধমান ক্যাম্পাসে ৩২। শুশুনিয়া ও বাঁকুড়া ক্যাম্পাসে ৩২। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজি-সহ উচ্চমাধ্যমিক। উক্ত চারটি বিষয়ে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে অন্তত ১৬ বছরের হতে হবে। প্রার্থীকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। ১৫ জুনের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bckv.edu.in ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। ফি দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় ব্যবস্থাতেই। অনলাইনে ফি দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা রুপে বা ডেবিট কার্ডের মাধ্যমে। অফলাইনে চালানের মাধ্যমে ফি দিতে হবে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়।

## নার্সিং

□ *বেঙ্গালুরুর ন্যাশনাল ইনস্টিটিউট অব মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেসে নার্সিং অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —প্রতিমা দাস, মগরাহাট, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ বেঙ্গালুরুর ন্যাশনাল ইনস্টিটিউট অব মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেসে নার্সিং অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে বি এসসি, সঙ্গে স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। অথবা উচ্চমাধ্যমিক, সঙ্গে গ্রেড ‘এ’ নার্স হিসেবে স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। উভয় ক্ষেত্রেই কোনও হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে। নার্সিং অফিসার পদের ক্ষেত্রে পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল নার্সিং, নিউরোলজিক্যাল নার্সিং, সাইকিয়াট্রিক নার্সিং এবং ইনফেকশন কন্ট্রোল বিষয়ে। জুনিয়র সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে প্রশ্ন হবে ইংরেজি, জেনারেল ইন্টেলিজেন্স, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। খুঁটিনাটি তথ্য বিষয়ে বিস্তারিত জানার পর দেখতে পারেন এই ওয়েবসাইট: www.nimhans.ac.in

□ *রাজ্যের সরকারি নার্সিং ট্রেনিং স্কুলগুলিতে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং কোর্সে ভর্তির বিষয়ে বিস্তারিত জানতে চাই। —দেবশ্রী মান্না, শান্তিপুর, নদিয়া।*

□□ রাজ্যের সরকারি নার্সিং ট্রেনিং স্কুলগুলিতে ৬ মাসের ইন্টার্নশিপ ট্রেনিং-সহ তিন বছরের জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে। কোর্স শুরু হবে অক্টোবরে। আসনসংখ্যা তরুণীদের জন্য ২,৩০০টি, তরুণদের জন্য ১০৫টি। প্রার্থী যে জেলা থেকে আবেদন করবেন, প্রার্থীকে অবশ্যই আবেদনের দিন পর্যন্ত সেই জেলায় একটানা ৫ বছর স্থায়ীভাবে বসবাস করে থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। ইংরেজিতে অন্তত ৪০ শতাংশ নম্বর থাকতে হবে। এর পাশাপাশি বাংলা লিখতে, পড়তে এবং বলতে জানতে হবে। বয়স হতে হবে ১৭ থেকে ২৭ বছরের মধ্যে। প্রশিক্ষণের প্রথম ১ বছর প্রার্থীর নিজেকেই থাকার ব্যবস্থা করে নিতে হবে। পরের আড়াই বছরের কোর্স আবাসিক। থাকার খরচ বাবদ মাসে ১২ টাকা দিতে হবে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in আবেদনের শেষ তারিখ ১৭ জুন।

## অন্যান্য চাকরি

□ *ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনে ইলেক্ট্রিশিয়ান পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই সম্পর্কে বিস্তারিত জানাবেন। —প্রকাশ জানা, দিনহাটা, কোচবিহার।*

□□ প্রার্থী বাছাই করা হবে দু’পর্যায়ের পরীক্ষার মাধ্যমে— টিয়ার-১ (কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা) ও টিয়ার-টু (ট্রেড টেস্ট)। টিয়ার-১ পরীক্ষাটি শুধুমাত্র একটি স্ক্রিনিং টেস্ট। এতে পাওয়া নম্বর চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য গণ্য হবে না। এই পরীক্ষায় সফল প্রার্থীরা টিয়ার-টু পরীক্ষার জন্য ডাক পাবেন। টিয়ার-১ পরীক্ষায় ১৫০টি অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: কোয়ান্টিটেটিভ এবিলিটি/অ্যাপ্টিটিউড, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, জেনারেল অ্যাওয়্যারনেস, ইংরেজি, জেনারেল সায়েন্স এবং সংশ্লিষ্ট ট্রেড বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। টিয়ার-টু পরীক্ষায় নেওয়া হবে ট্রেড টেস্ট। টিয়ার-১ পরীক্ষা নেওয়া হবে এ রাজ্যের কলকাতা ও শিলিগুড়ি কেন্দ্রে। ওয়েবসাইট: www.drdo.gov.in

□ *ভারতীয় বিমানবাহিনীতে মেটিওরোলজি শাখায় ট্রেনিং দিয়ে কমিশন্ড অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —দিব্যেন্দু প্রধান, হাবরা, উত্তর ২৪ পরগনা।*

□□ ভারতীয় বিমানবাহিনীতে মেটিওরোলজি শাখায় কমিশন্ড অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনওটিতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। বিষয়গুলি হল: বিজ্ঞানের যে-কোনও শাখা, ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, জিওগ্রাফি, কম্পিউটার অ্যাপ্লিকেশনস, এনভায়রনমেন্টাল সায়েন্স, অ্যাপ্লায়েড ফিজিক্স, ওশানোগ্রাফি, এগ্রিকালচারাল মেটিওরোলজি, ইকোলজি অ্যান্ড এনভায়রনমেন্ট, জিও-ফিজিক্স, এনভায়রনমেন্টাল বায়োলজি। স্নাতকে অঙ্ক ও ফিজিক্স পড়ে থাকতে হবে এবং উভয় বিষয়েই ৫৫ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৫৭.৫ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। চশমা থাকলে দৃষ্টিশক্তি থাকতে হবে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/১৮ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে। ৩০ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://careerindianairforce.cdac.in, https://afcat.cdac.in

□ *সেইলে ইনস্ট্রুমেন্টেশন শাখায় ম্যানেজমেন্ট ট্রেনি (টেকনিক্যাল) পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —চয়ন সাহা, রামনগর, পূর্ব মেদিনীপুর।*

□□ স্টিল অথরিটি অব ইন্ডিয়া (সেইল)-য় ইনস্ট্রুমেন্টেশন শাখায় ম্যানেজমেন্ট ট্রেনি (টেকনিক্যাল) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স ডিজাইন অ্যান্ড টেকনোলজি, মেকাট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, রোবোটিক্স অ্যান্ড অটোমেশন/অটোমেশন অ্যান্ড রোবোটিক্স, কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি ই বা বি টেক। পাশাপাশি, প্রার্থীকে অবশ্যই গেট-২০১৯ পরীক্ষায় ‘আই এন’ পত্রে উত্তীর্ণ হতে হবে। সঙ্গে উচ্চতা হতে হবে ১৫৫ সেমি। ওজন থাকতে হবে অন্তত ৪৫ কেজি। এ ছাড়া মায়োপিয়া এবং হাইপারমেট্রোপিয়া থাকলে প্রত্যেক চোখে ±৪.০০-এর মধ্যে থাকতে হবে। ওয়েবসাইট: www.sail.co.in

□ *ভারতীয় বিমানবাহিনীতে ফ্লাইং শাখায় ট্রেনিং দিয়ে কমিশন্ড অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —দিনু প্রধান, হাবরা, উত্তর ২৪ পরগনা।*

□□ ভারতীয় বিমানবাহিনীতে ফ্লাইং শাখায় কমিশন্ড অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ৩ বছরের স্নাতক। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ৪ বছরের বি ই বা বি টেক ডিগ্রি। উভয়ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্সে ৬০ শতাংশ করে নম্বর থাকতে হবে। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া বা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ। ওয়েবসাইট: careerindianairforce.cdac.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি ‘পেশাপ্রবেশ’ পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে ‘চাই সুবিচার’ বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, ‘কর্মক্ষেত্র’, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯

ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in

পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## রাজ্যের শিক্ষা-পরিকাঠামোর মানোন্নয়নে নজর দিক সরকার

রাজ্যের শিক্ষাব্যবস্থার পরিকাঠামোর হাল যে কতটা খারাপ, আর একবার তার প্রমাণ মিলল। সর্বশিক্ষা মিশনের সদ্য পেশ করা রিপোর্টে রাজ্যের শিক্ষাব্যবস্থার করুণ চিত্রই ফুটে উঠল। রিপোর্টে প্রকাশ, নিয়মবিধি অনুযায়ী সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলের প্রতিটি শ্রেণিকক্ষে যেখানে ৪০ জনের বেশি ছাত্রছাত্রী থাকা নিয়মবিরুদ্ধ, সেখানে রাজ্যের অধিকাংশ জেলার স্কুলগুলির এক-একটি ক্লাসে রয়েছে ১০০ জন, এমনকী ২০০ জন করে পড়ুয়া! স্কুলগুলিতে যথেষ্ট সংখ্যায় শ্রেণিকক্ষ না থাকাই এর কারণ।

সম্প্রতি স্কুলের পরিকাঠামো থেকে শুরু করে শিক্ষা ক্ষেত্রে নানা মানদণ্ডের ভিত্তিতে কেন্দ্রীয় সরকারের একটি সমীক্ষার রিপোর্ট প্রকাশ্যে আসে। দেশের ৩৬টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের স্কুলগুলি কীভাবে চলছে, তা-ই নিয়ে সমীক্ষা করেছিল কেন্দ্র। রিপোর্টে দেখা যাচ্ছে, শিক্ষামান ও ফলাফল এবং পরিকাঠামোয় পশ্চিমবঙ্গের স্থান পঁয়ত্রিশে। ছত্রিশের মধ্যে পঁয়ত্রিশে! কেন্দ্রীয় সমীক্ষায় পশ্চিমবঙ্গের কেন এই অবনমন, তার ব্যাখ্যা মিলল রাজ্যের সমীক্ষা রিপোর্টেই।

**রিপোর্টে প্রকাশ, নিয়মবিধি অনুযায়ী সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলের প্রতিটি শ্রেণিকক্ষে যেখানে ৪০ জনের বেশি ছাত্রছাত্রী থাকা নিয়মবিরুদ্ধ, সেখানে রাজ্যের অধিকাংশ জেলার স্কুলগুলির এক-একটি ক্লাসে রয়েছে ১০০ জন, এমনকী ২০০ জন করে পড়ুয়া! স্কুলগুলিতে যথেষ্ট সংখ্যায় শ্রেণিকক্ষ না থাকাই এর কারণ।**

সর্বশিক্ষা মিশনের রিপোর্টে প্রকাশ— সব থেকে খারাপ অবস্থা দার্জিলিং জেলার। সেখানে উচ্চ প্রাথমিক স্কুলগুলিতে এক-একটি ঘরে পড়ুয়ার সংখ্যা গড়ে ১৩০.৩২। মাধ্যমিক স্কুলগুলির ছবি আরও খারাপ। সেখানে এক-একটি ঘরে পড়ুয়ার সংখ্যা গড়ে ২০৪.৩৩। একই চিত্র আলিপুরদুয়ার ও কালিম্পংয়েও। আলিপুরদুয়ারে মাধ্যমিক স্কুলের এক-একটি ঘরে পড়ুয়ার সংখ্যা গড়ে ১২১.৪৬। উচ্চ মাধ্যমিক স্কুলগুলিতে এক-একটি ক্লাসে পড়ুয়ার সংখ্যা গড়ে ৭৫.৯৭। কালিম্পংয়ে উচ্চ প্রাথমিক এবং মাধ্যমিক স্তরে স্কুলে এক-একটি শ্রেণিকক্ষে ছাত্রছাত্রী আছে গড়ে যথাক্রমে ১২২.৬৬ জন এবং ১৯৪.৪৭ জন। দক্ষিণবঙ্গেরও বেশকিছু জেলার স্কুলের ছবি অনেকটা একই। পুরুলিয়ার মাধ্যমিক স্কুলগুলির শ্রেণিকক্ষে গড়ে পড়ুয়ার সংখ্যা ১০৮.৮৯। পূর্ব, পশ্চিম বর্ধমানেও মাধ্যমিক স্তরের স্কুলে শ্রেণিকক্ষ-পিছু পড়ুয়ার সংখ্যা চল্লিশের অনেক বেশি। রিপোর্ট বলছে, একমাত্র কলকাতা জেলাতেই প্রাথমিক থেকে শুরু করে উচ্চ মাধ্যমিক স্তর পর্যন্ত সব স্তরের স্কুলে প্রতিটি শ্রেণিকক্ষে পড়ুয়ার সংখ্যা চল্লিশের কম। তার কারণ অবশ্য, কলকাতায় সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলে ছাত্রছাত্রীর সংখ্যা খুব কম। বেশিরভাগ ছেলেমেয়েই পড়ে বেসরকারি স্কুলে।

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও শিক্ষামন্ত্রীর কাছে আমার একান্ত অনুরোধ, রাজ্যের সরকারি স্কুলগুলির বাহারি উন্নতির পরিবর্তে পরিকাঠামোগত উন্নয়নে রাজ্যের বেশি মনোযোগী হওয়া প্রয়োজন। সর্বভারতীয় শিক্ষা ক্ষেত্রে আমাদের রাজ্য ক্রমশই পিছিয়ে যাচ্ছে। জেলা-স্কুলগুলির পরিকাঠামো উন্নয়নে দ্রুত গুরুত্ব দেওয়া উচিত দপ্তরের। একটি কক্ষে এত ছাত্রছাত্রীর উপস্থিতি শিক্ষাগ্রহণের সুস্থ পরিবেশের পরিপন্থী।

**নিবেদিতা বসাক**, কুলগাছিয়া, হাওড়া।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

## বেলুড়ের রামকৃষ্ণ শিক্ষণমন্দিরে যোগার স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



যোগার স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বেলুড়ের রামকৃষ্ণ শিক্ষণমন্দির। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**আসনসংখ্যা:** ৭০টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। **বয়স:** ৪০ বছরের মধ্যে হতে হবে। **কোর্স ফি:** ৯,০০০ টাকা।

ক্লাস হবে সপ্তাহে চারদিন— মঙ্গলবার ও শুক্রবার বিকেল সাড়ে ৪টে থেকে সন্ধ্যা সাড়ে ৬টা, শনিবার দুপুর আড়াইটে থেকে সন্ধ্যা সাড়ে ৬টা এবং রবিবার সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.rkmsm.org

পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন— ✓ফি বাবদ নগদ ২০০ টাকা ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন ✓মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে) ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র যে-কোনও কাজের দিন দুপুর ১২টা থেকে বিকেল ৪টের মধ্যে শান্তি ভবন অফিসে (অফিস অব দ্য কন্ট্রোলার অব এক্সামিনেশনস) সরাসরি জমা দিতে হবে। আবেদনের ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ১৫ জুন। প্রতিষ্ঠানের ঠিকানা: Ramakrishna Mission Sikshanamandira, P.O. - Belur Math, Dist. - Howrah, State: West Bengal, India, Pin: 711 202.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৬৫৪-৬০৮১/৯২৮১/১৬৩৫।

## উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে স্নাতক কোর্স

এগ্রিকালচার ও হর্টিকালচারের স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়। প্রতিটি কোর্সের মেয়াদ ৪ বছর। কোর্সগুলি পড়ানো হবে প্রতিষ্ঠানের দক্ষিণ দিনাজপুরের মাঝিয়ান ও কোচবিহারের পুন্ডিবাড়ি ক্যাম্পাসে। প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। এই কোর্সের বিজ্ঞপ্তি নম্বর: UBKV-UG/01/2019.

**কোর্সের বিবরণ: বি এসসি (অনার্স) ইন এগ্রিকালচার:** কোচবিহার: ৫৫টি। দক্ষিণ দিনাজপুর: ৩০টি। **বি এসসি (অনার্স) ইন হর্টিকালচার:** কোচবিহার: ২৪টি। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অবশ্যই ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা এগ্রিকালচার বা হর্টিকালচার বা ভোকেশনাল এগ্রিকালচার বা ভোকেশনাল হর্টিকালচার পড়ে থাকতে হবে ও ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

ভোকেশনাল শাখার ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ এগ্রিকালচার বা হর্টিকালচার শাখায় উচ্চমাধ্যমিক। অন্যতম বিষয় হিসেবে অবশ্যই ক্রপ প্রোডাকশন বা ক্রপ ম্যানেজমেন্ট বা প্ল্যান্ট ম্যানেজমেন্ট পড়ে থাকতে হবে।

**বয়স:** ১-৬-২০১৯ তারিখে অন্তত ১৬ বছরের হতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ubkv.ac.in আবেদনের শেষ তারিখ ১৫ জুন।

### অনলাইনে আপলোড করতে হবে

✓প্রার্থীর সাম্প্রতিক তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো (৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে)। ✓বয়সের প্রমাণপত্র হিসেবে জন্মশংসাপত্র বা মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)। ✓মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল (উভয়ই ২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)। ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল (২০০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দিতে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## টেক্সটাইল প্রসেসিংয়ে ডিপ্লোমা কোর্স



টেক্সটাইল প্রসেসিংয়ের পোস্ট-ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজি। কোর্সটি করানো হবে বেনারস (উত্তরপ্রদেশ) এবং সালেমে (তামিলনাড়ু)। এটি ভারত সরকারের বস্ত্র মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সের মেয়াদ দেড় বছর। কোর্স চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। কোর্স শুরু জুলাই থেকে।

**শিক্ষাগত যোগ্যতা:** হ্যান্ডলুম টেকনোলজি, হ্যান্ডলুম অ্যান্ড টেক্সটাইল টেকনোলজি, টেক্সটাইল টেকনোলজি, টেক্সটাইল কেমিস্ট্রি, টেক্সটাইল প্রসেসিং— যে-কোনও একটি বিষয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা সায়েন্সের যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট অথবা হোম সায়েন্সে বি এসসি। সেক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও কেমিস্ট্রি পড়ে থাকতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ২০ জুনের মধ্যে ফাইনাল মার্কশিট পেয়ে থাকতে হবে। নিয়মানুসারে ও বি সি এবং তফসিলি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ১,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতা ও কাউন্সেলিংয়ের মাধ্যমে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.handlooms.nic.in পূরণ করবেন যথাযথভাবে।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:** ✓প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের প্রত্যয়িত ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র হিসেবে যাবতীয় মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓প্রার্থী শেষ যে প্রতিষ্ঠানে পড়াশোনা করেছেন, সেখান থেকে পাওয়া ট্রান্সফার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২০ জুনের মধ্যে পাঠাবেন উল্লিখিত দু'টি কেন্দ্রের যে-কোনও ঠিকানায়। বেনারসের ক্ষেত্রে: The Director, Indian Institute of Handloom Technology, Chowkaghat, Varanasi-221 002 (U.P.). সালেমের ক্ষেত্রে: The Director, Indian Institute of Handloom Technology, Foulkes Compound, Thillai Nagar, Salem-636 001 (Tamilnadu).

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।



Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

২৮ মে-৩ জুন

**২৮ মে** ৪০ আসনের গোয়া বিধানসভায় শক্তি বাড়িয়ে বৃহত্তম দলের তকমা আদায় করে নিল বিজেপি। ১৩ থেকে এখন তাদের সদস্য ১৭। তবে মুখ্যমন্ত্রী প্রমোদ সবন্ত জানিয়ে দিয়েছেন বৃহত্তম দল হলেও এখনও তাঁরা জোট বজায় রাখবেন সে রাজ্যে। গত বিধানসভা ভোটে কংগ্রেস ১৭টি আসন জিতলেও মাত্র ১৩ জন বিধায়ক নিয়ে শরিক ও নির্দলদের সমর্থনে বিজেপি সরকার গড়েছিল। পরে কংগ্রেসের দু'জন বিধায়ক বিজেপিতে যান। এরমধ্যেই প্রাক্তন মুখ্যমন্ত্রী মনোহর পর্রীকর ও প্রাক্তন উপমুখ্যমন্ত্রী ফ্রান্সিস ডি'সুজা প্রয়াত হন। এই চার আসনের উপনির্বাচনে তিনটিতে বিজেপি ও একটিতে কংগ্রেস জিতেছে।

## রাষ্ট্রপতি ভবনে শপথ মোদীর



**৩০ মে:** রাষ্ট্রপতি ভবনে দ্বিতীয়বারের জন্য প্রধানমন্ত্রী পদে শপথ নিলেন নরেন্দ্র মোদী। ৫৮ জনের মন্ত্রিসভায় শিবসেনা, অকালি দলের মতো শরিকরা শামিল হয়েছেন। মন্ত্রিসভায় অংশ নেয়নি নীতীশ কুমারের দল জেডিইউ। এডিএমকে, আপনা দলও যায়নি মন্ত্রিসভায়। নীতীশ কুমার জানিয়েছেন সরকারে অংশ না নেওয়ার জন্য বিজেপির সঙ্গে সম্পর্কে কোনও প্রভাব পড়বে না। অসুস্থতার কারণে এ বার মন্ত্রী হতে রাজি হননি অরুণ জেটলি ও সুষমা স্বরাজ। বদলে এলেন দলে দ্বিতীয় ব্যক্তি হিসেবে পরিচিত অমিত শাহ। পূর্ণমন্ত্রী হিসেবে এলেন প্রাক্তন বিদেশ সচিব এস জয়শঙ্কর। বাংলায় বিজেপি ভালো ফল করলেও মোদীর দ্বিতীয় পর্বের মন্ত্রিসভায় বাংলা থেকে মাত্র দু'জন প্রতিমন্ত্রী হিসেবে জায়গা পেয়েছেন। এঁরা হলেন বাবুল সুপ্রিয় ও দেবশ্রী চৌধুরী। তবে বিজেপি জানিয়েছে, মন্ত্রিসভা সম্প্রসারণের এখনও অনেক সুযোগ আছে। মোট ৮১ জনকে মন্ত্রী করার সুযোগ থাকলেও এদিন শপথ নিয়েছেন ৫৮ জন। ফলে ২৩টি পদ এখনও খালি রয়েছে। প্রয়োজন অনুযায়ী সময়মতো সেগুলি পূরণ করা হবে।

**বিভিন্ন দেশ থেকে আসা ৩,০০০ টন** প্লাস্টিক আবর্জনা সেই সব দেশেই ফেরত পাঠানোর সিদ্ধান্ত নিল মালয়শিয়া। সে দেশের পরিবেশমন্ত্রী ইয়ো বিন ইন জানান, মালয়শিয়ায় বেশ কয়েকটি প্লাস্টিক পুনর্ব্যবহারযোগ্য (রিসাইক্লিং) করে তোলার কারখানা গড়ে উঠেছে, যার বেশিরভাগই বেআইনি। এইভাবে আবর্জনা পাঠানোর জন্য ১৪টি দেশকে চিহ্নিত করেছেন মালয়শিয়ার সরকারি আধিকারিকরা। দেশগুলির মধ্যে রয়েছে আমেরিকা, জাপান, ফ্রান্স, কানাডা, অস্ট্রেলিয়া এবং ব্রিটেনও।

**২৯ মে** ভারতে নতুন সরকার ক্ষমতায় আসার পরই ভারতকে বন্ধুত্বের বার্তা দিল আমেরিকা। ভারতকে তারা অন্যতম বন্ধু দেশ বলে মনে করে বলে জানিয়েছে ওয়াশিংটন। ট্রাম্প প্রশাসনের তরফ থেকে বলা হয়েছে, 'আগেও যেমন হয়েছে, ভবিষ্যতেও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করবে ওয়াশিংটন।' আসন্ন জি-২০ সম্মেলনের আগে দিল্লিতে আসার কথা রয়েছে বিদেশ সচিব মাইক পম্পেয়োর। একদিন আগেই 'বন্ধুত্বের' নিদর্শন দেখিয়ে বিদেশি মুদ্রা নীতির নজরদারি তালিকা থেকে ভারতকে বাদ দিয়েছে আমেরিকা। ঘটনাচক্রে এদিনই আবার ভারতের পক্ষ থেকে চিনের সঙ্গে বৈঠকের কথা ঘোষণা করা হয়েছে। আমেরিকার সঙ্গে চিনের বাণিজ্য নিয়ে দ্বন্দ্ব চলছে অনেকদিন। সেই অবস্থায় ভারতের এই ঘোষণা যথেষ্ট তাৎপর্যপূর্ণ।

**৩০ মে** ইংল্যান্ডে বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচে ওভালে দুরন্ত জয় দিয়ে প্রতিযোগিতা শুরু করল ইংল্যান্ড। দক্ষিণ আফ্রিকাকে ১০৪ রানে হারিয়ে জয়ী হল তারা। ইংল্যান্ড প্রথমে ব্যাট করে নির্ধারিত ৫০ ওভারে ৮ উইকেট হারিয়ে ৩১১ রান তোলে। বেনস স্টোকস ৭৯ বলে ৮৯ রান করেন। পরে ২ উইকেটও নেন তিনি। দক্ষিণ আফ্রিকার ইনিংস ৩৯.৫ ওভারে ২০৭ রানে শেষ হয়ে যায়। ম্যান অফ দ্য ম্যাচ হয়েছেন বেন স্টোকস।

**৩১ মে** দ্বিতীয়বার ক্ষমতায় এসে নরেন্দ্র মোদী সরকার জানাল নোট বাতিলের পর দেশে বেকারত্বের হার ৬.১ শতাংশে পৌঁছেছিল। ৪৫ বছরের মধ্যে এই হার সর্বোচ্চ। এদিন ন্যাশনাল স্যাম্পল সার্ভে অফিসের (এনএসএসও) এই সমীক্ষা প্রকাশ করেছে কেন্দ্রীয় পরিসংখ্যান মন্ত্রক। রিপোর্ট বলছে, ২০১৭-১৮ সালে দেশে বেকারত্বের হার আকাশচুম্বী হয়েছিল। গ্রামের থেকে শহরে এই হার অনেকটাই বেশি। গ্রামে বেকারত্বের হার ৫.৩ শতাংশ, কিন্তু শহরে এই হার পৌঁছেছে ৭.৮ শতাংশে। সামগ্রিক ভাবে সারা দেশে বেকারত্বের হার গত ছয় বছরে ২.২ শতাংশ থেকে বেড়ে হয়েছে ৬.১ শতাংশ।

**কালিয়াগঞ্জের চারবারের বিধায়ক ও** রাজ্যের প্রাক্তন মন্ত্রী প্রমথনাথ রায় (৭৪) প্রয়াত হলেন। কালিয়াগঞ্জ বিধানসভা কেন্দ্র থেকে ১৯৯৬, ২০০১, ২০১১ ও ২০১৬ সালে কংগ্রেসের প্রতীকে নির্বাচিত হন তিনি। তৃণমূলের সঙ্গে জোট বেঁধে রাজ্যে 'পরিবর্তন'-এর সরকার ক্ষমতায় এলে প্রতিমন্ত্রীও হন তিনি।

**ভারতীয় বংশোদ্ভূত অনিতা ভাটিয়াকে** রাষ্ট্রপুঞ্জের মহিলা বিষয়ক দপ্তরের ডেপুটি কার্যনির্বাহী ডিরেক্টর পদে নির্বাচিত করলেন রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিয়ো গুতেরেস। পৃথিবী জুড়ে লিঙ্গ সাম্য এবং মহিলা সশক্তিকরণ নিয়ে কাজ করে এই দপ্তরটি।

## হক বিমানের পাইলট হলেন মোহনা



**৩১ মে:** হক বিমানের প্রথম মহিলা পাইলট পেল ভারত। হক যুদ্ধবিমান নিয়ে দিনের আলোয় যে-কোনও অভিযানের যোগ্যতা অর্জন করলেন ফ্লাইট লেফটেন্যান্ট মোহনা সিং। সামগ্রিক ভাবে যুদ্ধবিমানের দ্বিতীয় মহিলা চালক হিসেবে যোগ্যতা অর্জন করলেও হক বিমানের ক্ষেত্রে মোহনাই হলেন প্রথম মহিলা পাইলট। উল্লেখ্য, ২০১৬ সালে দেশে প্রথম তিন মহিলা যুদ্ধবিমানের পাইলট হিসেবে ভারতীয় বিমানবাহিনীতে যোগ দেন। ফ্লাইট লেফটেন্যান্ট ভাবনা কান্ত কিছুদিন আগেই 'মিগ-২১ বাইসন' যুদ্ধবিমান নিয়ে দিনের বেলা অভিযানের যোগ্যতা অর্জন করেছেন।



"দু'দেশের মানুষের দারিদ্রের মোকাবিলা এবং উন্নয়নের স্বার্থে আলোচনায় বসাই একমাত্র রাস্তা।"

**ইমরান খান,** *পাকিস্তানের প্রধানমন্ত্রী*

কাশ্মীর-সহ অন্যান্য সমস্যাগুলির সমাধানে ভারত ও পাকিস্তানের মধ্যে আলোচনা শুরু করার জন্য ৭ জুন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে লেখা চিঠিতে

## পূর্ণ মন্ত্রীর মর্যাদা পেলেন ডোভাল



**৩ জুন:** জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালকে আগামী পাঁচ বছরের জন্য একই পদে পুনর্বহাল করার সিদ্ধান্ত নিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পদমর্যাদাও বাড়ানো হয়েছে তাঁর। গত সরকারের প্রতিমন্ত্রীর মর্যাদা পাওয়া ডোভালকে এদিন পূর্ণমন্ত্রীর সমতুল মর্যাদা প্রদানের কথা ঘোষণা করেছে মোদী সরকার। বলা হয়েছে, জাতীয় সুরক্ষা ক্ষেত্রে তাঁর অবদানের কথা মাথায় রেখে ডোভালকে পূর্ণমন্ত্রীর সমতুল মর্যাদা দেওয়া হল। এদিন সরকারের এই সিদ্ধান্ত নেওয়ার আগে ও পরে দেশের অভ্যন্তরীণ সুরক্ষা নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে দু'দফায় বৈঠক করেন ডোভাল।

**বিশ্বকাপ ক্রিকেটের এদিনের খেলায়** পাকিস্তানকে ৭ উইকেটে হারিয়ে জয়ী হল ওয়েস্ট ইন্ডিজ। ধারাল ক্যারিবিয়ান পেস আক্রমণের মুখে ২১.৪ ওভারে মাত্র ১০৫ রানে শেষ হয়ে যায় পাকিস্তানের ইনিংস। ওয়েস্ট ইন্ডিজের ওশেন থমাস ৪, জেসন হোল্ডার ৩ এবং আন্দ্রে রাসেল ২টি করে উইকেট নেন। ওয়েস্ট ইন্ডিজ ১৩.৪ ওভারে ৩ উইকেট হারিয়ে ১০৮ রান তুলে নেয়। ক্রিস গেল ৩৪ বলে ৫০ রান করেন। ওশেন থমাস ম্যাচের সেরা হন।

**১ জুন** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ভারতের উপর থেকে 'জেনারেলাইজড সিস্টেম অব প্রেফারেন্সেস'-এর (জিএসপি) সুবিধা প্রত্যাহারের কথা ঘোষণা করলেন। এই ব্যবস্থায় উন্নয়নশীল দেশগুলি তাদের কিছু পণ্য বিনা শুল্কে আমেরিকায় রপ্তানি করতে পারে। ট্রাম্প জানিয়েছেন ৫ জুন থেকে ভারতকে এই সুবিধা আর দেওয়া হবে না। বিরোধী কংগ্রেস এই ঘটনায় প্রধানমন্ত্রীর বিবৃতি দাবি করেছে। কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রকের অবশ্য বক্তব্য, জিএসপিতে ভারত যে সুবিধা পেত তা নিতান্তই অল্প। এ ব্যাপারে ট্রাম্প প্রশাসনের সঙ্গে কথা বলে সমস্যা মেটানোর চেষ্টা করা হবে বলে জানিয়েছে দিল্লি।

**কাশ্মীরের লিডার নদীতে নৌকা উল্টে** যাওয়ায় প্রাণ সংশয় হওয়া পাঁচ পর্যটককে বাঁচিয়ে নিজে মারা পড়লেন জম্মু-কাশ্মীরের এক পর্যটন গাইড রউফ আহমেদ দার। পর্যটকদের মধ্যে তিনজন স্থানীয় এবং দু'জন পশ্চিমবঙ্গের। বিপর্যয় মোকাবিলা বাহিনী ও স্থানীয় পুলিশ দারকে বাঁচানোর চেষ্টা করেও সফল হয়নি। দারের পরিবারকে চার লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার কথা ঘোষণা করেছে কাশ্মীর প্রশাসন।

**বিশ্বকাপ ক্রিকেটের এদিনের খেলায়** শ্রীলঙ্কাকে ১০ উইকেটে হারাল নিউজিল্যান্ড। শ্রীলঙ্কা প্রথমে ব্যাট করে ২৯.২ ওভারে ১৩৬ রানে অলআউট হয়ে যায়। নিউজিল্যান্ডের ম্যাট হেনরি ২৯ রানে ৩ উইকেট নিয়ে শ্রীলঙ্কার ব্যাটিং অর্ডারে ধস নামান। নিউজিল্যান্ড ১৬.১ ওভারেই ১৩৭ রানে পৌঁছে যায়। এদিনের অপর খেলায় আফগানিস্তানকে সাত উইকেটে হারিয়েছে অস্ট্রেলিয়া। আফগানিস্তানের ২০৭ রানের জবাবে ৩৪.৫ ওভারে তিন উইকেট হারিয়ে ২০৯ রান করে তারা।

**২ জুন** মুসলিম বিশ্বের অন্যতম মঞ্চ ওআইসি রাষ্ট্রগোষ্ঠী 'অর্গানাইজেশন অব ইসলামিক কান্ট্রিজ' কাশ্মীরের বিষয়ে বিশেষ দূত নিয়োগ করল। এরফলে আন্তর্জাতিক মঞ্চে কাশ্মীর নিয়ে কিছুটা অস্বস্তিতে পড়ল ভারত। পাকিস্তানি বিদেশমন্ত্রক জানিয়েছে, মক্কায় ওআইসি-র সম্মেলনের পর সৌদি আরবের এক প্রবীণ রাজনীতিককে জম্মু-কাশ্মীর সংক্রান্ত বিশেষ দূত হিসেবে নিয়োগ করেছে ওই রাষ্ট্রগোষ্ঠী। ওআইসিতে চলতি বছরেই 'সম্মানিত অতিথি' হিসেবে ডাক পায় ভারত। বিষয়টিকে কূটনৈতিক জয় বলে ভারত প্রথমে প্রচার করলেও ওই একই সম্মেলনে কাশ্মীরে 'মানবাধিকার লঙ্ঘন' নিয়ে সরব হয় ওআইসি। তীব্র সমালোচনা করা হয় মোদী সরকারের।

## মোদী মন্ত্রিসভায় দ্বিতীয় হলেন শাহ



**৩১ মে:** কেন্দ্রীয় মন্ত্রিসভার প্রথম বৈঠকের পর দপ্তর বণ্টন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রাজনাথ সিংকে সরিয়ে অমিত শাহকে স্বরাষ্ট্রমন্ত্রী করে কার্যত তাঁকেই সরকারের 'দু'নম্বর' করে দিলেন প্রধানমন্ত্রী। নরেন্দ্র মোদী নিজের হাতে রাখলেন কর্মিবর্গ, জনঅভিযোগ ও পেনশন, আণবিক শক্তি, মহাকাশ গবেষণা এবং গুরুত্বপূর্ণ নীতি প্রণয়ণ দপ্তর। বাকি পূর্ণমন্ত্রীদের পাওয়া দপ্তরগুলি হল, রাজনাথ সিং- প্রতিরক্ষা, নিতিন গড়করি- সড়ক পরিবহণ এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্প, সদানন্দ গৌড়া- রসায়ন ও সার, নির্মলা সীতারামন- অর্থ, রামবিলাস পাসোয়ান- উপভোক্তা, খাদ্য ও গণবণ্টন, নরেন্দ্র সিং তোমর- কৃষি, গ্রামোন্নয়ন, পঞ্চায়েতি রাজ, রবিশঙ্কর প্রসাদ- আইন, যোগাযোগ, ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি, হরসিমরত কৌর বাদল- খাদ্যপ্রক্রিয়াকরণ, থেবর চন্দ্র গহলৌত- সামাজিক ন্যায়, ক্ষমতায়ন, এস জয়শঙ্কর- বিদেশ, রমেশ পোখরিয়াল নিশঙ্ক- মানবসম্পদ উন্নয়ন, অর্জুন মুন্ডা- আদিবাসী কল্যাণ, স্মৃতি ইরানি- নারী ও শিশুকল্যাণ, বস্ত্র, হর্ষবর্ধন- স্বাস্থ্য ও পরিবারকল্যাণ, বিজ্ঞান ও প্রযুক্তি, প্রকাশ জাভড়েকর- পরিবেশ, বন, তথ্য ও সম্প্রচার, পীযুষ গয়াল- রেল, শিল্প ও বাণিজ্য, ধর্মেন্দ্র প্রধান- তেল ও প্রাকৃতিক গ্যাস, ইস্পাত, মুখতার আব্বাস নকভি- সংখ্যালঘু উন্নয়ন, প্রহ্লাদ জোশী- সংসদ বিষয়ক, কয়লা, খনি, মহেন্দ্র নাথ পান্ডে- দক্ষতা উন্নয়ন ও শিল্পোদ্যোগ, অরবিন্দ গণপত সবন্ত- ভারী শিল্প ও রাষ্ট্রায়ত্ত সংস্থা, গিরিরাজ সিংহ- পশুপালন, ডেয়ারি ও মৎস্য, গজেন্দ্র শেখাওয়াত- জলশক্তি।

**দক্ষিণ আফ্রিকাকে ২১ রানে হারিয়ে** বিশ্বকাপ ক্রিকেটে নিজেদের যাত্রা শুরু করল বাংলাদেশ। প্রথমে ব্যাট করে ৬ উইকেট হারিয়ে ৩৩০রান তোলে বাংলাদেশ। ৫০ ওভারে দক্ষিণ আফ্রিকা ৮ উইকেট হারিয়ে ৩০৯ রান তোলে। ৭৫ রান করে ও ১টি উইকেট নিয়ে শাকিব আল হাসান ম্যাচের সেরা হয়েছেন।

**৩ জুন** ৫৭টি ইসলামিক দেশের সংগঠন 'অর্গানাইজেশন অব ইসলামিক কান্ট্রিজ (ওআইসি)' জম্মু-কাশ্মীর বিষয়ে বিশেষ দূত নিয়োগ করার পরই তার তীব্র প্রতিবাদ জানাল ভারত। বিদেশ মন্ত্রকের মুখপাত্র রভিশ কুমার বলেছেন, 'আমরা সর্বতোভাবে ওআইসির এই সিদ্ধান্তকে প্রত্যাখ্যান করছি। ভারতের অভ্যন্তরীণ বিষয়ে তাদের এই হস্তক্ষেপ কিছুতেই মেনে নেওয়া যায় না। জম্মু-কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ।' পাশাপাশি ভারতের তরফ থেকে বলা হয়েছে এই ধরনের কোনও পদক্ষেপ করা থেকে যেন বিরত থাকে ওআইসি।

**আফ্রিকার দেশ সুদানের রাজধানী খার্তুমে** অবরোধে বসা বিক্ষোভকারীদের উপর নিরাপত্তারক্ষীবাহিনীর গুলিতে ১৩ জন অবরোধকারী নিহত হলেন। বহু মানুষ জখম হয়েছেন। উল্লেখ্য, গত এপ্রিলে সুদানের একনায়ক ওমর আল-বসিরের শাসন শেষ হওয়ার পরে সেনাবাহিনীর কর্তাদের নিয়ে তৈরি একটি কমিটির হাতে বর্তমানে রয়েছে দেশ পরিচালনার ভার। কিন্তু গণতন্ত্র ফেরানোর দাবি নিয়ে দেশের বিভিন্ন জায়গায় আন্দোলনে বসেছেন সাধারণ মানুষ।


**প্রথম ম্যাচে হারলেও দ্বিতীয় খেলায়** ইংল্যান্ডকে ১৪ রানে হারিয়ে বিশ্বকাপে ঘুরে দাঁড়াল পাকিস্তান। তাদের ৮ উইকেটে ৩৪৮ রানের জবাবে ইংল্যান্ড ৫০ ওভারে ৯ উইকেটে ৩৩৪ রান তোলে। ইংল্যান্ড হেরে গেলেও জো রুট ও বাটলার জোড়া শতরান করেন। ম্যাচের সেরা পাকিস্তানের মহম্মদ হাফিজ। ৮৪ রান করা ছাড়াও গুরুত্বপূর্ণ একটি উইকেটও নেন তিনি।


## অরুণাচলে নিখোঁজ বায়ুসেনার পরিবহণ বিমান



**৩ জুন:** অরুণাচলের চিন সীমান্তের কাছে নিখোঁজ হয়ে গেল বিমানবাহিনীর একটি এএন-৩২ বিমান। অসমের জোরহাট থেকে বেলা ১২টা ২৭ মিনিটে উড়েছিল বিমানটি। বেলা ১টার পর থেকেই বিমানটির এয়ার ট্রাফিক কন্ট্রোলের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। বিমানে ছিলেন পাইলট, সহকারী পাইলট-সহ আটজন বিমানকর্মী ও বায়ুসেনার আরও পাঁচ জন পদস্থ অফিসার। বিমানটি চিন সীমান্ত থেকে ৪০ কিলোমিটার দূরে মেচুকায় যাচ্ছিল। এএন-৩২ রাশিয়ায় তৈরি দুই ইঞ্জিনের সামরিক পরিবহণ বিমান। ভারতীয় বায়ুসেনার হাতে এমন ১০৫টি বিমান রয়েছে। ২০০৯ সালে ইউক্রেনের সঙ্গে বিমানগুলি আধুনিকীকরণের চুক্তি করা হয়। এখনও পর্যন্ত ৪৬টি বিমানের আধুনিকীকরণ শেষ হয়েছে।

## ICDS GUIDE BOOK




**ALL TOTAL 894 PAGES**

**PRICE : 40 RS**

**CLICK HERE TO DOWNLOAD**

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

80. দু'টি সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফলের অনুপাত 25 : 36 তাদের উচ্চতার অনুপাত কত?
(a) 5 : 6 (b) 36 : 25 (c) $\sqrt{5}:\sqrt{6}$ (d) 25 : 36

81. দু'টি সংখ্যার গ.সা.গু. ও ল.সা.গু. যথাক্রমে 7 ও 140। যদি সংখ্যাদ্বয় 20 ও 45 -এর মধ্যে হয় তবে সংখ্যাদু'টির যোগফল কত?
(a) 56 (b) 63 (c) 77 (d) 70

82. কী পরিমাণ টাকা সরল সুদে 5 বছরে 520 টাকা এবং 7 বছরে 568 টাকা হবে?
(a) 510 টাকা (b) 220 টাকা (c) 120 টাকা (d) 400 টাকা

83. তিনটি সংখ্যা যারা পরস্পর মৌলিক, তাদের প্রথম দু'টি সংখ্যার গুণফল 551 এবং শেষ দু'টি সংখ্যা গুণফল 1073। সংখ্যা তিনটির যোগফল কত?
(a) 89 (b) 85 (c) 81 (d) 75

84. $\dfrac{\frac{1}{3}\div\frac{1}{3}\times\frac{1}{3}}{\frac{1}{3}\div\frac{1}{3}\text{ of }\frac{1}{3}}-\frac{1}{9}=?$
(a) $\frac{1}{9}$ (b) 0 (c) 1 (d) $\frac{1}{3}$

85. এক ব্যক্তি দু'টি দ্রব্য একই দামে বিক্রি করেন। একটিতে তিনি 10% লাভ করেন ও অন্যটিতে তিনি 10% ক্ষতি করেন। পুরো বিক্রয়ে তিনি কত শতাংশ ক্ষতি করেন?
(a) 2% (b) 5% (c) 1% (d) 3%

86. 800 মিটার লম্বা একটি ট্রেন ঘণ্টায় 78 কিমি বেগে যায়। যদি ট্রেনটি 1 মিনিটে একটি টানেল অতিক্রম করে তাহলে টানেলটির দৈর্ঘ্য কত?
(a) 13 মিটার (b) 1300 মিটার (c) 500 মিটার (d) 450 মিটার

87. $\dfrac{0.05\times0.05\times0.05-0.04\times0.04\times0.04}{0.05\times0.05+0.002+0.04\times0.04}$
(a) 0.001 (b) 1 (c) 0.1 (d) 0.01

88. চারটি সংখ্যা 1 : 2 : 3 : 4 অনুপাতে আছে। তাদের যোগফল 16। তাহলে প্রথম ও চতুর্থ সংখ্যার যোগফল কত?
(a) 80 (b) 10 (c) 8 (d) 5

89. 40 জন ব্যক্তির গড় আয় 4200 টাকা এবং 35 জনের গড় আয় 4000 টাকা। পুরো দলের গড় আয় কত?
(a) $1106\frac{2}{3}$ টাকা (b) $4108\frac{1}{3}$ টাকা (c) 4100 টাকা (d) $4106\frac{2}{3}$ টাকা

90. 5 জন লোক একটি কাজ 6 দিনে করে কিন্তু 10 জন মহিলা কাজটি 5 দিনে সম্পূর্ণ করে। 5 জন মহিলা এবং 3 জন পুরুষ কাজটি কতদিনে শেষ করবে?
(a) 6 দিন (b) 8 দিন (c) 5 দিন (d) 4 দিন

91. দু'টি সংখ্যার ল.সা.গু. 495 এবং তাদের গ.সা.গু. 5। যদি সংখ্যাদু'টির যোগফল 100 হয় তবে তাদের পার্থক্য কত?
(a) 90 (b) 70 (c) 46 (d) 10

92. যদি x : y = 7 : 3 তবে $\dfrac{xy+y^2}{x^2-y^2}=?$
(a) $\frac{7}{3}$ (b) $\frac{3}{7}$ (c) $\frac{4}{3}$ (d) $\frac{3}{4}$

93. যদি a : b = 2 : 3 এবং b : c = 4 : 5 হয় তবে $a^2:b^2:bc=?$
(a) 16 : 36 : 20 (b) 4 : 36 : 40 (c) 16 : 36 : 45 (d) 4 : 9 : 45

94. যদি $\dfrac{2a+b}{a+4b}=3$ হয়, তবে $\dfrac{a+b}{a+2b}=?$
(a) $\frac{10}{7}$ (b) $\frac{10}{9}$ (c) $\frac{2}{7}$ (d) $\frac{5}{9}$

95. একটি ট্রেন তার গতির $\frac{7}{11}$ গতিতে একটি স্থানে পৌঁছতে 22 ঘণ্টা সময় নেয়। যদি ট্রেনটি তার নিজস্ব গতিতে যেত তবে কত সময় লাগত?
(a) 16 ঘণ্টা (b) 14 ঘণ্টা (c) 7 ঘণ্টা (d) 8 ঘণ্টা

96. দু'টি সংখ্যা তৃতীয় একটি সংখ্যার যথাক্রমে 20% এবং 50%। প্রথম সংখ্যাটি দ্বিতীয় সংখ্যার কত শতাংশ?
(a) 30% (b) 40% (c) 20% (d) 10%

97. A একটি কাজ 4 ঘণ্টায় সম্পূর্ণ করতে পারে। B ও C 3 ঘণ্টায় কাজটি করতে পারে। A ও C 2 ঘণ্টায় কাজটি করতে পারে। B-এর একা কাজটি করতে কত সময় লাগবে?
(a) 24 ঘণ্টা (b) 10 ঘণ্টা (c) 8 ঘণ্টা (d) 12 ঘণ্টা

98. যদি $\sqrt{3}=1.732$ হয়, তবে $\dfrac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}=?$
(a) 13.928 (b) 13.925 (c) 11.732 (d) 12.928

99. যদি একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য 6, 8 ও 10 সেমি হয় তবে ত্রিভুজটির বৃহত্তম বাহুর ওপর মধ্যমার দৈর্ঘ্য কত?
(a) 5 সেমি (b) 4.8 সেমি (c) 6 সেমি (d) 8 সেমি

100. 10%, 20% ও 40% এই তিনটি পরপর ছাড়ের তুল্য ছাড় কত হবে?
(a) 60% (b) 62.8% (c) 50% (d) 56.8%

**উত্তর**

80(a), 81(b), 82(d), 83(b), 84(b), 85(c), 86(c), 87(d), 88(c), 89(d), 90(c), 91(d), 92(d), 93(c), 94(b), 95(d), 96(b), 97(d), 98(a), 99(a), 100(d).


**সমাধান**

2(d): E A C D B F G

4(a): $(11)^2=121\ \therefore (13)^2=169.$

5(d): E J O T একইভাবে, V O L G
↓−3 ↓−3 ↓−3 ↓−3 ↓−3 ↓−3 ↓−3 ↓−3
B G L Q S L I D

7(c):



∴ শুরুর স্থান থেকে সে এখন (30 + 20) = 50 মিটার দূরে।

8(a): ① ② ③ ④ ⑤ ⑥ ⑦ ⑧ ⑨ ⑩ ⑪
G E R M I N A T I O N
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
⑤ ④ ① ③ ② ⑥ ⑪ ⑩ ⑦ ⑨ ⑧
I M G R E N N O A I T

9(b): $\left(\frac{5+3}{2}\right)^3=\left(\frac{8}{2}\right)^3=(4)^3=64=\left(\frac{8+2}{2}\right)^3=\left(\frac{10}{2}\right)^3=(5)^3=125$

Similarly, $\left(\frac{11+11}{2}\right)^3=\left(\frac{22}{2}\right)^3=(11)^3=1331.$

10(c): V G
↓+2 ↓+2
X I
↓+2 ↓+2
Z K
↓+2 ↓+2
B M
↓+2 ↓+2
D O
↓+2 ↓+2
[F Q]

11(c): 1 0 5 8 17 24 37 [48]
$0^2+1$ $1^2-1$ $2^2+1$ $3^2-1$ $4^2+1$ $5^2-1$ $6^2+1$ [$7^2-1$]

12(D): 6 × 2 + 1 = 13, 13 × 2 − 1 = 25, 25 × 2 + 1 = 51
51 × 2 − 1 = 101, 101 × 2 + 1 = 203.

13(a): _m_ bbm _a_ a/mb _b_ m _a_ a/ _m_ bb.

14(b): $6\times3\div2-2+5\Rightarrow6+3-2\times2\div5$
$\Rightarrow6+3-2\times\frac{2}{5}\Rightarrow6+3-\frac{4}{5}\Rightarrow6+\frac{15-4}{5}=6+\frac{11}{5}=\frac{30+11}{5}$
$=\frac{41}{5}=8\frac{1}{5}.$

16(a): শুধুমাত্র 83 হল মৌলিক সংখ্যা।

18(c): শুধুমাত্র GIQ optionটিতে vowel আছে।

24(c): 15তম অবস্থানে থাকবে (24 − 15) = 9তম বর্ণ শেষ থেকে অর্থাৎ, বর্ণটি হল = R.

26(a): T R E A D P R E Y
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
7 % # 9 4 $ % # 8
∴ A R T E R Y
9 % 7 # % 8

27(d): EMTA-এর বর্ণগুলি দ্বারা যে শব্দগুলি গঠন করা যাবে—
MATE, TEAM, MEAT, TAME.

28(b): ① ② ③ ④ ⑤ ⑥ ⑦
P R O C E S S
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
③ ② ① ④ ⑦ ⑥ ⑤
O R P C S S E

একইভাবে, ① ② ③ ④ ⑤ ⑥ ⑦
F U R T H E R
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
③ ② ① ④ ⑦ ⑥ ⑤
R U F T R E H

76(b): A পাইপ 18 মিনিটে পূর্ণ করে $=18\times\frac{1}{24}$
বা, ট্যাঙ্কটির $\frac{3}{4}$ অংশ

এরপর এগারোর পাতায়

পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারের স্পেশাল ক্লার্কশিপ

## বিগত পরীক্ষার সমাধান

পরীক্ষা হয়েছিল: ২০০৯

**English**

1. Complete the Idiom by choosing the right part from the alternatives given below. While the sun shines:
(a) go away (b) collect all (c) make hay (d) complete all

2. Choose from the following words, the word nearest in meaning to the given word.
'Wrap'
(a) Costly (b) Cover (c) Create (d) Connect

3. Find out the right word to complete the following sentence:
People generally want
(a) piece (b) peace (c) peas (d) pieces

4. Of the four, which sentence is correctly punctuated?
(a) We are giving a little party, on Monday next (b) We are giving a little party on Monday next (c) We woe, giving, a little party-on Monday next (d) We are giving, a little party, on, Monday next!

5. Choose the right alternative of the underlined word.
The relics of the Mughal empire are in India.
(a) Extant (b) Extent (c) Extend (d) None of these

6. Choose the right alternative from the options given:
Truth is stranger than
(a) lie (b) intelligence (c) inspiration (d) fiction

7. Replace the underlined word with the most appropriate phrasal verb:
He could not check his temper.
(a) hold on (b) hold in (c) hold to (d) hold with

8. Fill up the blank by choosing correct preposition from below:
I am aware _______ his motive.
(a) to (b) of (c) from (d) on

9. Which 'wh' form is applicable, to make the following assertive sentence, a proper interrogative sentence?
My father is a teacher.
(a) which (b) why (c) what (d) where

10. Find out from the given words the opposite of 'Vulgar'
(a) Noble (b) Decent (c) Light (d) Feel

11. Find out the appropriate preposition to fill up the gap:
I cannot account ______ his absence
(a) for (b) to (b) into (d) in

12. Replace the underlined part of the sentence with the most appropriate phrase from the list:
Give me this instead of that
(a) in quest of (b) in lieu of (c) in defiance of (d) in point of

13. Choose the word from the list which is nearest in meaning to the underlined part of the sentence:
They had suffered their share of misfortune
(a) disappointment (b) inconvience (c) prosperity (d) adversity

14. Find out the appropriate word, that befits the underlined part of the sentence:
He set aside all objections and granted the prayer.
(a) hate (b) deny (c) disregarded (d) accept

15. Choose from the following, the correct indirect form of the sentence given:
They said, 'We are happy'.
(a) They said I are happy (b) They said that they were happy (c) We said that we are happy (d) They said that they wants to be happy

16. Complete the Idiom, choosing the right ending.
'Strike while the'
(a) heater is there (b) iron is hot (c) everything is ready (d) men are here

17. Replace the underlined word with the most appropriate phrasal verb:
I entered the train
(a) got at (b) got down (c) got in (d) got into

18. Choose the right word from the list to complete the sentence and give it an idiomatic turn:
To be very pale in appearance is as pale as a:
(a) snow (b) marble (c) hare (d) ghost

19. Fill in the blank with appropriate preposition for the list:
Great books deal ______ persistently unsolved problems of life.

এরপর এগারোর পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

$\therefore \frac{1}{4}$ অংশ B নলটিকে পূর্ণ করতে হবে যা 8 মিনিটে করতে হবে

সুতরাং, B নলটিতে 8 মিনিট পর বন্ধ করতে হবে।

77(d): ধরি, আসল = x

প্রশ্নানুসারে, $\frac{x \times 7\frac{1}{2} \times \frac{15}{12}}{100} - \frac{x \times 12\frac{1}{2} \times \frac{8}{12}}{100} = 32.50$

$\Rightarrow \frac{x \times \frac{15}{2} \times \frac{15}{12}}{100} - \frac{x \times \frac{25}{2} \times \frac{8}{12}}{100} = 32.50$

$\Rightarrow \frac{25x}{2400} = 32.50 \Rightarrow x = \frac{32.50 \times 2400}{25} = 3120.$

78(a): প্রশ্নানুসারে, যখন B 200 মিটার যায়

A যায় 190 মিটার

$\therefore$ যখন B 180 মিটার যায় তখন A যায় $= \frac{190}{200} \times 180 = 171$ মিটার

যখন C 200 মিটার যায় B যায় 180 মিটার

$\therefore$ C, A-র থেকে এগিয়ে থাকবে (200 – 171) = 29 মিটার।

79(b): ধরি, ছাত্রসংখ্যা = 100, বায়োলজি = 72, অঙ্ক = 44

উভয় বিষয়ই নিয়েছে এমন ছাত্রসংখ্যা = (72 + 44 ) – 100 = 16

16 জন ছাত্র উভয় বিষয় নিয়েছে যখন মোট ছাত্রসংখ্যা 100

1 জন ছাত্র উভয় বিষয় নিয়েছে যখন মোট ছাত্রসংখ্যা $\frac{100}{16}$

40 জন ছাত্র উভয় বিষয় নিয়েছে যখন মোট ছাত্রসংখ্যা $\frac{100}{16} \times 40 = 250.$

80(a): দু'টি সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফলের অনুপাত তাদের উচ্চতার বর্গের অনুপাতের সমান

$\therefore$ উচ্চতাদ্বয়ের অনুপাত $= \frac{\sqrt{25}}{\sqrt{36}} = \frac{5}{6}.$

81(b): সংখ্যাদু'টি হল 7x ও 7y যেখানে x ও y পরস্পর মৌলিক

এখন 7x ও 7y-এর ল.সা.গু. = 7xy

$\therefore 7xy = 140 \Rightarrow xy = \frac{140}{7} = 20$

এখন, x ও y যাদের গুণফল 50 পরস্পর মৌলিক হবে এবং সংখ্যাদু'টির মান হবে 4 ও 5

$\therefore$ সংখ্যাদু'টি হবে 28 ও 35 যাদের অবস্থান 20 ও 45-এর মধ্যে

$\therefore$ সংখ্যাদু'টির যোগফল = (28+ 35) = 63.

82(d): 2 বছরে সরল সুদ = (568 – 520) টাকা = 48 টাকা

$\therefore$ 5 বছরে সুদ $= \frac{48}{2} \times 5 = 120$ টাকা

মূলধন = (520 – 120) = 400 টাকা।

83(b): ধরি, সংখ্যাতিনটি হল x, y, z যারা পরস্পর মৌলিক

এখন, xy = 551 এবং yz = 1073

$\therefore$ y = 551 ও 1073-এর গ.সা.গু.

$\therefore y = 29$ এবং $x = \frac{551}{29} = 19$ এবং $z = \frac{1073}{29} = 37$

$\therefore$ যোগফল = 19 + 29 + 37 = 85.

84(b): $\frac{\frac{1}{3} \div \frac{1}{3} \times \frac{1}{3}}{\frac{1}{3} \div \frac{1}{3} \text{ of } \frac{1}{3}} - \frac{1}{9} = \frac{\frac{1}{3} \times \frac{3}{1} \times \frac{1}{3}}{\frac{1}{3} \times \frac{3}{1} \times \frac{1}{3} \div \frac{1}{9}} - \frac{1}{9} = \frac{\frac{1}{3}}{\frac{1}{3} \times \frac{9}{1}} - \frac{1}{9}$

$= \frac{\frac{1}{3}}{3} - \frac{1}{9} = \frac{1}{3 \times 3} - \frac{1}{9} = \frac{1}{9} - \frac{1}{9} = \frac{1-1}{9} = 0.$

85(c): ক্ষতির হার $= \frac{x^2}{100}\% = \frac{(10)^2}{100} = 1\%.$

86(c): ধরি, টানেলের দৈর্ঘ্য = x মিটার

গতিবেগ = 78 কিমি/ঘণ্টা $= \frac{78 \times 1000}{60 \times 60}$ মিটার/সেকেন্ড

প্রশ্নানুসারে, $\frac{65}{3} = \frac{800 + x}{60} \Rightarrow (800 + x) \times 3 = 65 \times 60$

$\Rightarrow 800 + x = 65 \times 20 \Rightarrow x = (1300 - 800) = 500$ মিটার।

87(d): $\frac{0.05 \times 0.05 \times 0.05 - 0.04 \times 0.04 \times 0.04}{0.05 \times 0.5 + 0.002 + 0.04 \times 0.04}$

$= \frac{(0.05)^3 - (0.04)^3}{(0.05)^2 + 0.05 \times 0.04 + (0.04)^2} = 0.05 - 0.04 = 0.01.$

88(c): x + 2x + 3x + 4x = 16

$\therefore x = \frac{16}{10} = 1.6$

$\therefore$ যোগফল = 1.6 + 6.4 = 8

[প্রথম সংখ্যা x = 1.6 চতুর্থ সংখ্যা 4x = 4 × 1.6 = 6.4]

89(d): পুরো দলের আয় $= \frac{4200 \times 40 + 4000 \times 35}{75}$

$= \frac{168000 + 140000}{75} = \frac{308000}{75} = 4106\frac{2}{3}$ টাকা।

90(c): 5 × 6 পুরুষ = 10 × 5 মহিলা

⇒ 3 পুরুষ = 5 মহিলা

$\therefore$ 5 মহিলা + 3 পুরুষ = 6 পুরুষ

$\therefore$ 5 পুরুষ কাজটি 6 দিনে সম্পূর্ণ করে

$\therefore$ 6 পুরুষ কাজটি $\frac{5 \times 6}{6} = 5$ দিনে সম্পূর্ণ করে।

91(d): ধরি, প্রথম সংখ্যাটি x এবং দ্বিতীয় সংখ্যা = (100 – x)

$\therefore$ গ.সা.গু. × ল.সা.গু. = প্রথম সংখ্যা × দ্বিতীয় সংখ্যা

495 × 5 = x × 100 – x

$495 \times 5 = 100x - x^2$

$\Rightarrow x^2 - 55x - 45x - 2475 = 0$

(x – 45) (x – 55) = 0, x = 45 বা, x = 55

$\therefore$ পার্থক্য = (55 – 45) = 10.

92(d): $\frac{x}{y} = \frac{7}{3}$ (প্রদত্ত)

এখন, $\frac{xy + y^2}{x^2 - y^2} = \frac{y(x+y)}{(x+y)(x-y)} = \frac{y}{x-y} = \frac{1}{x/y - 1} = \frac{1}{7/3 - 1} = \frac{1}{\frac{7-3}{3}}$

$= \frac{3}{4}.$

93(c): a : b = 2 : 3, b : c = 4 : 5

বা, a : b = 8 : 12, b : c = 12 : 15

$\therefore a : b : c = 8 : 12 : 15 \therefore a^2 : b^2 : bc = 8^2 : 12^2 : 15 \times 12$

= 64 : 144 : 180 = 16 : 36 : 45.

94(b): $\frac{2a + b}{a + 4b} = 3$ (প্রদত্ত)

$\Rightarrow 2a + b = 3a + 12b \Rightarrow 3a - 2a = b - 12b \Rightarrow a = -11b$

$\therefore \frac{a + b}{a - 2b} = \frac{-11b + b}{-11b + 2b} = \frac{-10b}{-9b} = \frac{10}{9}.$

95(d): ট্রেনটি স্বাভাবিক সময় যা নেয় তার $\frac{11}{7}$ সময় নেবে

ধরি, সময় নেবে = t ঘণ্টা, $\frac{11}{7}t = 22$

$\therefore t = \frac{22 \times 7}{11} = 14$ ঘণ্টা সময় বাঁচে = (22 – 14) = 8 ঘণ্টা।

96(b): ধরি, তৃতীয় সংখ্যাটি হল x

প্রশ্নানুসারে, প্রথম সংখ্যাটি $= \frac{20}{100} \times x = \frac{x}{5}$

দ্বিতীয় সংখ্যাটি $= \frac{50}{100} \times x = \frac{x}{2}$

$\therefore$ নির্ণেয় শতকরা $= \frac{x/5 \times 100}{x/2} = \frac{x}{5} \times \frac{2}{x} \times 100 = 40\%.$

97(d): A কাজটির 1 ঘণ্টায় করে $= \frac{1}{4}$ অংশ

(B + C) কাজটির 1 ঘণ্টায় করে $= \frac{1}{3}$ অংশ

(A + C) কাজটির 1 ঘণ্টায় করে $= \frac{1}{2}$ অংশ

$\therefore$ C 1 ঘণ্টায় করে কাজটির $= \left(\frac{1}{2} - \frac{1}{4}\right)$ অংশ $= \frac{2-1}{4} = \frac{1}{4}$ অংশ

এবং B 1 ঘণ্টায় করে কাজটির $= \left(\frac{1}{3} - \frac{1}{4}\right)$ অংশ $= \frac{4-3}{12} = \frac{1}{12}$ অংশ

$\therefore$ B একা কাজটি 12 ঘণ্টায় সম্পূর্ণ করতে পারবে।

98(a): $\frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}} = \frac{(2+\sqrt{3})(2+2\sqrt{3})}{(2-\sqrt{3})(2+\sqrt{3})} = \frac{(2+\sqrt{3})^2}{4-3}$

$= (2+\sqrt{3})^2 = 2^2 + (\sqrt{3})^2 + 2 \times 2 \times \sqrt{3} = 4 + 3 + 4\sqrt{3} = 7 + 4 \times 1.732$

= 7 + 6.928 = 13.928.




99(a): এখানে, $6^2 + 8^2 = 10^2$

$\therefore \Delta ABC$ হল সমকোণী ত্রিভুজ AC = 10 সেমি

$\therefore$ AB = BD = CD = 5 cm

[D হল AC বাহুর মধ্যবিন্দু এবং A, B ও C শীর্ষবিন্দু থেকে সমদূরত্বে আছে।]

100(d): 10% ও 20% ছাড়ের তুল্য ছাড় $= 10 + 20 - \frac{20 \times 10}{100} = 28\%$

28% ও 40% ছাড়ের তুল্য ছাড় $= \left(40 + 28 - \frac{28 \times 40}{100}\right) = (68 - 11.2)\%$

= 56.8%.

*প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার*

## রাজ্য সরকারের স্পেশাল ক্লার্কশিপ

### বিগত পরীক্ষার সমাধান

*দশের পাতার পর*

(a) with (b) in (c) about (d) on

20. Choose the word from the list which is nearest in meaning to the underlined part of the sentence:

His brother is just the opposite

(a) different (b) apposite (c) reverse (d) None of these

21. Find out from the following words, the word opposite in meaning to: 'Reach'

(a) Come (b) Go (c) Depart (d) Ready

22. Find from below the word that means:

'A person who mends shoes'

(a) Cobbler (b) Shopper (c) Repairer (d) Grocer

23. The word Dwell means

(a) Stay (b) Leave (c) Help (d) Go

24. Choose the word from the list which is opposite in meaning to the word given:

He was so excited that he could hardly speak. The opposite of 'Excited' is:

(a) Unhappy (b) Calm (c) Sorrowful (d) None of these

25. Replace the underlined word with the most appropriate phrasal verb:

The soldiers attacked the enemy.

(a) fell into (b) fell behind (c) fell back (d) fell on

26. If Ram ______ helped him, he would have passed.

(a) had (b) will have (c) has (d) would have

27. Among the following four, choose where a Dialogue is found:

(a) Almirah (b) Book (c) Board (d) Chair

28. Complete the sentence by choosing the right part:

Nobody has been arrested

(a) till tomorrow (b) as yet (c) in front (d) at the backside

29. Fill in the blank with appropriate preposition from the list

He persisted _____ hoping against hope.

(a) in (b) on (c) with (d) for

30. Choose the right alternative from the options given:

Written notes used by a lawyer appearing in a court is:

(a) Eulogy (b) Brief (c) Blue book (d) Communiquie

#### ভারতের ইতিহাস

31. ভারতের প্রাচীনতম সভ্যতা কোনটি?

(a) হরপ্পা সভ্যতা (b) বৈদিক সভ্যতা (c) সিন্ধুসভ্যতা (d) মেহেরগড় সভ্যতা

32. আনন্দমঠের রচয়িতা কে?

(a) রবীন্দ্রনাথ (b) শরৎচন্দ্র (c) বঙ্কিমচন্দ্র (d) বিবেকানন্দ

44. আদিনা মসজিদ কোথায় অবস্থিত?

(a) অজন্তা (b) পাণ্ডুয়া (c) সাঁচী (d) পুরুষপুর

56. 'বিধবাবিবাহ আইন' কোন বছর পাশ হয়?

(a) 1854 (b) 1856 (c) 1858 (d) 1860

#### ভারতের ভূগোল

33. নাগার্জুন সাগর প্রকল্পটি কোন নদীর ওপর অবস্থিত?

(a) কাবেরী (b) কৃষ্ণা (c) গোদাবরী (d) তুঙ্গা

34. খনিজ তেল কোন শিলার তরল রূপ?

(a) আগ্নেয় শিলা (b) রূপান্তরিত শিলা (c) পাললিক শিলা (d) চুর্ণকময় শিলা

35. ভারতের লোকসংখ্যা:

(a) 1 বিলিয়ন (b) কিছু কম 1 বিলিয়ন (c) 1.10 বিলিয়নের কিছু ওপর (d) 1.50 বিলিয়নের ওপর

45. নিত্যবহ খালগুলির বেশিরভাগ কোথায় দেখা যায়?

(a) দক্ষিণ ভারতে (b) পূর্ব ভারতে (c) পশ্চিম ভারতে (d) উত্তর ভারতে

57. ভারতের বৃহত্তম রিভার লিফট ইরিগেশন প্রকল্পটি কোন রাজ্যে অবস্থিত?

(a) মধ্যপ্রদেশ (b) হরিয়ানা (c) পাঞ্জাব (d) হিমাচল প্রদেশ

68. ভারতের একটি বিখ্যাত শীতল জলের প্রস্রবণ হল:

(a) ভেরনাগ (b) সহস্রধারা (c) অনন্তনাগ (d) তাতাপানি

#### সাধারণ বিজ্ঞান

36. 1 ন্যানোমিটার সমান:

(a) $10^{-3}$ মিটার (b) $10^{-6}$ মিটার (c) $10^{-9}$ মিটার (d) $10^{-12}$ মিটার

37. একটি ইলেকট্রন বর্জন করে কোনও পরমাণু নীচের কোন শ্রেণিতে পরিণত হয়?

(a) ক্যাটায়ন (b) অ্যানায়ন (c) আয়ন (d) নিস্তড়িৎ পরমাণু

47. চাঁদে দুই অভিযাত্রী পাশাপাশি দাঁড়িয়ে কথা বললে একে অন্যের কথা:

(a) স্বাভাবিক ভাবেই শুনবেন (b) জোরে শুনবেন (c) আস্তে শুনবেন (d) আদৌ শুনতে পাবেন না

59. একটি তড়িৎযোজী ও একটি সমযোজী যৌগের জোড় হল:

(a) NaCl, MgO (b) CaO, $H_2O$ (c) $O_2$, $CH_4$ (d) $Cl_2$, $H_2O$

64. 'কিলোওয়াট ঘণ্টা' দ্বারা কোন ভৌতরাশি পরিমাপ করা হয়?

(a) তড়িৎ শক্তি (b) তড়িৎ ক্ষমতা (c) তড়িৎ প্রবাহমাত্রা (d) তড়িৎ বিভব প্রভেদ

#### ভারতের রাষ্ট্রব্যবস্থা

62. রাজ্যসভার সভাপতিত্ব কে করেন?

(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) স্পিকার

#### জেনারেল নলেজ

46. 'চাক দে ইন্ডিয়া' চলচ্চিত্রে শাহরুখ খান কোন চরিত্রে অভিনয় করেন?

(a) শাহরুখ খান (b) কবীর খান (c) আরবাজ খান (d) আবু

63. বেজিং অলিম্পিকসের কোন বিভাগে ভারত স্বর্ণপদক পেয়েছে?

(a) আর্চারি (b) সাঁতার (c) ভারোত্তোলন (d) শুটিং

#### পাটিগণিত

38. 72.5 হতে কত কমালে 18.76 পাওয়া যাবে?


(a) 90.5 (b) 90.76 (c) 53.01 (d) 53.74

39. কোনও বইয়ের ধার্য মূল্য 165 টাকা। বইটি 132 টাকায় বিক্রীত হয়। শতকরা ছাড় কত?

(a) 10% (b) 18% (c) 20% (d) 22%

*এরপর বারোর পাতায়*

# RAIL RRB NTPC 2019 GUIDE BOOK




CONTENTS :

1) GENERAL SCIENCE SOLVED PRACTICE SETS

( 60 SOLVED PRACTICE SETS – PHYSICS , CHEMISTRY , BIOLOGY )

2) GENERAL AWARENESS SOLVED PRACTICE SETS

( 70 SOLVED PRACTICE SETS – HISTORY , GEOGRAPHY , POLITY , INDIAN ECONOMY , CURRENT AFFAIRS , COMPUTER , RAILWAY SPECIAL GK )

3) QUANTITATIVE & REASONING APTITUDE SOLVED PRACTICE SETS

( 87 SOLVED PRACTICE SETS – APTITUDE , REASONING )

**RAIL RRB বিগত বছরগুলোর পরীক্ষাতে যে PATTERN এর প্রশ্ন করেছে সেই PATTERN কে FOLLOW করে প্রতিটি বিষয়ের উপর SOLVED MCQ PRACTICE SET**

**PRICE : 40 RS**

## CLICK HERE TO DOWNLOAD

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রাজ্য সরকারের স্পেশাল ক্লার্কশিপ

## বিগত পরীক্ষার সমাধান

*এগারোর পাতার পর*

40. কোনও ক্যাম্পে 30 জন ছাত্রছাত্রীর 18 দিনের খাদ্য মজুত আছে। আরও 6 জন এসে ক্যাম্পে যোগ দিল। ওই খাদ্যে কতদিন চলবে?
(a) 14 দিন (b) 15 দিন (c) 16 দিন (d) 17 দিন

41. A এবং B একত্রে কোনও কাজ 12 দিনে করতে পারে। B একা ওই কাজ 30 দিনে করতে পারে। A একা ওই কাজ কত দিনে করে?
(a) 15 দিন (b) 18 দিন (c) 20 দিন (d) 25 দিন

42. দু'জন শ্রমিকের দৈনিক মজুরির অনুপাত 4 : 3 এবং তাদের একজন অপরজনের চেয়ে 9 টাকা বেশি পায়। প্রথম শ্রমিকের দৈনিক মজুরি কত?
(a) 24 টাকা (b) 28 টাকা (c) 32 টাকা (d) 36 টাকা

43. পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 80 বছর। 4 বছর পূর্বে তাদের বয়সের অনুপাত ছিল 2 : 1। পিতার বর্তমান বয়স কত?
(a) 48 বছর (b) 50 বছর (c) 52 বছর (d) 54 বছর

48. 1 মিনিট 48 সেকেন্ড, 1 ঘণ্টার কত শতাংশ?
(a) 2% (b) 3% (c) 4% (d) 5%

49. $\frac{1}{4}$ এবং $\frac{1}{36}$ -এর মধ্যসমানুপাতী কত?
(a) $\frac{1}{6}$ (b) $\frac{1}{8}$ (c) $\frac{1}{10}$ (d) $\frac{1}{12}$

50. গত বছর রজনীর উচ্চতা ছিল 144 সেমি। এই বছর তার উচ্চতা 148 সেমি হল। তার উচ্চতার শতকরা পরিবর্তন কত?
(a) 3% (b) $3\frac{1}{2}$ % (c) $3\frac{1}{5}$ % (d) $2\frac{7}{9}$ %

51. 1083-কে ক্ষুদ্রতম কোন সংখ্যা দ্বারা ভাগ করলে সংখ্যাটি একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
(a) 2 (b) 3 (c) 4 (d) 5

52. মোহনলাল 675 টাকায় একটি রেডিও কিনে 12% লাভে তা বিক্রয় করল। রেডিওটির বিক্রয়মূল্য কত?
(a) 750 টাকা (b) 754 টাকা (c) 756 টাকা (d) 758 টাকা

53. আমের মূল্য প্রতি কেজি 20 টাকা থেকে প্রতি কেজি 23 টাকায় বর্ধিত করা হল। বর্ধিত মূল্যের শতকরা হার কত?
(a) 10% (b) 12% (c) 15% (d) 18%

54. 180 টাকায় একটি জিনিস বিক্রয় করে 10% ক্ষতি হল, কত টাকায় ওই জিনিস বিক্রয় করলে 10% লাভ হবে?
(a) 210 টাকায় (b) 215 টাকায় (c) 220 টাকায় (d) 225 টাকায়

55. বার্ষিক পরীক্ষায় গণিতে মহুয়া, সুতপার চেয়ে 10% কম নম্বর পেয়ে মোট 81 নম্বর পেল। সুতপা কত নম্বর পেয়েছিল?
(a) 85 (b) 87 (c) 88 (d) 90

60. যদি 15, 18, X, 14, 21, 26, 8, এর গড় 16 হয় তবে X-এর মান কত?
(a) 9 (b) 10 (c) 11 (d) 12

61. একটি কাপড় 80 টাকায় বিক্রয় করায় 25% লাভ হল। কাপড়টির ক্রয়মূল্য কত?
(a) 60 টাকা (b) 62 টাকা (c) 64 টাকা (d) 66 টাকা

65. দু'টি সংখ্যার গুণফল 15552 এবং তাদের গ.সা.গু. 36; সংখ্যাদু'টির ল.সা.গু. নির্ণয় করুন:
(a) 428 (b) 429 (c) 432 (d) 434

66. 360 মিটার দীর্ঘ একটি ট্রেন একটি ইলেকট্রিক পোস্টকে 18 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ কত?
(a) 65 কিমি/ঘণ্টা (b) 68 কিমি/ঘণ্টা (c) 70 কিমি/ঘণ্টা (d) 72 কিমি/ঘণ্টা

67. চায়ের দাম 30% বৃদ্ধি পেয়েছে। বর্তমানে 1 কেজি চায়ের দাম 78 টাকা হলে পূর্বে এক কেজি চায়ের দাম কত ছিল?
(a) 50 টাকা (b) 55 টাকা (c) 60 টাকা (d) 65 টাকা

70. যদি A : B = 3 : 4 এবং B : C = 6 : 5 হয়, তবে A : C কত হবে?
(a) 10 : 9 (b) 9 : 10 (c) 8 : 9 (d) 9 : 8

### উত্তর

**English:** 1(c), 2(b), 3(b), 4(b), 5(a), 6(d), 7(b), 8(b), 9(c), 10(b), 11(a), 12(b), 13(d), 14(c), 15(b), 16(b), 17(d), 18(d), 19(c), 20(c), 21(c), 22(a), 23(a), 24(b), 25(d), 26(a), 27(c), 28(b), 29(b), 30(b).

**ভারতের ইতিহাস:** 31(d), 32(c), 44(b), 56(b).

**ভারতের ভূগোল:** 33(b), 34(c), 35(c), 45(d), 57(c), 68(a).

**সাধারণ বিজ্ঞান:** 36(c), 37(a), 47(d), 59(a), 64(a).

**ভারতের রাষ্ট্রব্যবস্থা:** 62(b).

**জেনারেল নলেজ:** 46(b), 63(d).

**পাটিগণিত:** 38(d), 39(c), 40(b), 41(c), 42(d), 43(c), 48(b), 49(d), 50(d), 51(b), 52(c), 53(c), 54(c), 55(d), 60(b), 61(c), 65(c), 66(d), 67(c), 70(b).

### সমাধান

38(d): $72.50 - 18.76 = 53.74$.

39(c): বইয়ের ধার্যমূল্য 165 টাকা, বিক্রীত মূল্য = 132 টাকা

∴ ছাড়ের পরিমাণ $= \frac{(165-132)}{165} \times 100\% = \frac{33}{165} \times 100\% = 20\%$

∴ ছাড়ের হার = 20%.

40(b): [এখানে, $M_1 = 30$ জন, $D_1 = 18$ দিন, $M_2 = (30+6)$ জন $= 36$ জন, $D_2 = ?$

আমরা জানি, $M_1 D_1 = M_2 D_2$

বা, $30 \times 18 = 36 \times D_2$ বা, $D_2 = 15$

∴ 15 দিন চলবে।

41(c): A ও B একত্রে 1 দিনে করে $= \frac{1}{12}$ অংশ কাজ

B একা 1 দিনে করে $= \frac{1}{30}$ অংশ

∴ A একা 1 দিনে করে $= \left(\frac{1}{12} - \frac{1}{30}\right)$ অংশ $= \frac{5-2}{60}$ অংশ $= \frac{3}{60}$ অংশ $= \frac{1}{20}$ অংশ

∴ A একা 20 দিনে কাজটি করবে।

42(d): ধরি, প্রথম শ্রমিকের দৈনিক মজুরি 4x টাকা

দ্বিতীয় শ্রমিকের দৈনিক মজুরি 3x টাকা

প্রশ্নানুসারে, $4x - 3x = 9$ বা, $x = 9$ টাকা

∴ প্রথম শ্রমিকের দৈনিক মজুরি $= 4 \times 9$ টাকা $= 36$ টাকা।

43(c): ধরি, পিতার বর্তমান বয়স = x বছর

∴ পুত্রের বর্তমান বয়স = (80 − x) বছর

4 বছর পূর্বে পিতার বয়স ছিল = (x − 4) বছর

∴ 4 বছর পূর্বে পুত্রের বয়স ছিল = (80 − x − 4) বছর = (76 − x) বছর

প্রশ্নানুসারে, $\frac{x-4}{76-x} = \frac{2}{1}$ বা, $x - 4 = 152 - 2x$ বা, $3x = 156$ বা, $x = 52$

∴ পিতার বর্তমান বয়স = 52 বছর।

48(b): 1 মিনিট 48 সেকেন্ডে = 108 সেকেন্ড

1 ঘণ্টা = 3600 সেকেন্ড

∴ 1 মিনিট 48 সেকেন্ড, 1 ঘণ্টার $\frac{108}{3600} \times 100\% = 3\%$.

49(d): ধরি, মধ্য সমানুপাতিটি হল $= \frac{1}{x}$

$\frac{1}{4} : \frac{1}{x} :: \frac{1}{x} : \frac{1}{36}$

বা, $\frac{x}{4} = \frac{36}{x}$ বা, $x^2 = 36 \times 4$ বা, $x = \sqrt{36 \times 4}$, বা, $x = 12$

∴ মধ্যসমানুপাতিটি হল $= \frac{1}{12}$.

50(d): উচ্চতার শতকরা পরিবর্তন $= \left(\frac{148-144}{144}\right) \times 100\% = \frac{4}{144} \times 100\% = \frac{100}{136}\% = \frac{25}{9} = 2\frac{7}{9}$.

51(b):

| | |
|---|---|
| 3 | 1083 |
| 19 | 361 |
| | 19 |

1083 এর উৎপাদকগুলি হল $= 3 \times 19 \times 19 = 3 \times 19^2$

সুতরাং, 1083-কে 3 দ্বার ভাগ করলে পূর্ণবর্গ সংখ্যা হবে।

52(c): রেডিওটির বিক্রয়মূল্য = 675 টাকা $\times \frac{112}{100}$ = 756 টাকা।

53(c): বর্ধিত মূল্যের শতকরা হার $= \frac{(23-20)}{20} \times 100\% = \frac{3}{20} \times 100\% = 15\%$

∴ আমের বর্ধিত মূল্যের হার = 15%.

54(c): দ্রব্যটির ক্রয়মূল্য = 180 টাকা $\times \frac{100}{90}$ = 200 টাকা

= 10% লাভ করতে হলে, দ্রব্যটির বিক্রয়মূল্য = 200 টাকা $\times \frac{110}{100}$ = 220 টাকা।

55(d): ধরি, সুতপার প্রাপ্ত নম্বর = 100

মহুয়ার প্রাপ্ত নম্বর = 90 [∵ 10% কম সুতপার থেকে]

প্রশ্নানুসারে, 90 = 81

বা, $1 = \frac{81}{90}$ বা, $100\% = \frac{81}{90} \times 100 = 90$

∴ সুতপার প্রাপ্ত নম্বর = 90.

60(b): প্রশ্নানুসারে, $15 + 18 + x + 14 + 21 + 26 + 8 = 16 \times 7$

বা, $102 + x = 112$ বা, $x = 112 - 102 = 10$.

61(c): কাপড়টির ক্রয়মূল্য $= 80 \times \frac{100}{125}$ টাকা $= 80 \times \frac{4}{5}$ টাকা = 64 টাকা।

65(c): দু'টি সংখ্যার গুণফল = সংখ্যা দু'টির গ.সা.গু. × ল.সা.গু.

বা, $15552 = 36 \times x$

বা, $x = \frac{15552}{36} = 432$.

66(d): 18 সেকেন্ডে অতিক্রম করে 360 মিটার

1 সেকেন্ডে অতিক্রম করে $\frac{360}{18 \times 1000}$ কিমি

3600 সেকেন্ডে অতিক্রম করে $\frac{360 \times 3600}{18 \times 1000}$ [1 ঘণ্টা 3600 সেকেন্ড ]

= 2 × 36 কিমি = 72 কিমি

∴ ট্রেনটির গতিবেগ 72 কিমি/ঘণ্টা।

67(c): পূর্বে 1 কেজি চায়ের দাম ছিল =78 টাকা $\times \frac{100}{130}$ = 60 টাকা

∴ পূর্বে 1 কেজি চায়ের দাম ছিল 60 টাকা।

70(b): A : B = 3 : 4 এবং B : C = 6 : 5

বা, $\frac{A}{B} = \frac{3}{4} \times \frac{3}{3} = \frac{9}{12}$ বা, $\frac{B}{C} = \frac{6}{5} \times \frac{2}{2} = \frac{12}{10}$ ∴ A : C = 9 : 10.

*সমাধান করেছেন: সুতপা কর*

# জেনারেল রিজনিংয়ের প্রশ্নোত্তর

1. উত্তরদিকে মুখ করে রবি 30 মিটার গেল। তারপর বামদিকে ঘুরে 50 মিটার। আবার বামদিকে ঘুরে 30 মিটার গেল। তবে যাত্রা শুরুর স্থল থেকে রবি এখন কতদূরে আছে?
(a) 30 মিটার (b) 50 মিটার (c) 40 মিটার (d) 60 মিটার

2. যদি কোনও একটি ভাষায় 'bi nie pie' মানে হয় 'Same good Jokes'; 'nie bat lik' মানে হয় 'Same real stories' এবং 'Pielik tol' মানে হয় 'many good stories'; তাহলে সেই ভাষায় 'Jokes' মানে কী?
(a) bi (b) nie (c) pie (d) এর কোনওটিই নয়

3. যদি A বলতে ÷ (ভাগ), B বলতে × (গুণ), C বলতে + (যোগ) এবং D বলতে − (বিয়োগ) বোঝায় তাহলে 35 A 7 C 4 B 6 D 15 = ?
(a) 39 (b) 47 (c) 14 (d) 10

4. তালিকার কোন শব্দটি তালিকাভুক্ত অন্য তিনটি শব্দের থেকে পৃথকধর্মী?
(a) London (b) Paris (c) Tokyo (d) New York

5. 'HYPOCHONDRIA' শব্দটির অক্ষরগুলিকে alphabetical order-এ সাজালে বামদিক থেকে সপ্তমস্থানে কোন অক্ষরটি আসবে?
(a) R (b) L (c) O (d) N

6. সমীরকে দেখিয়ে রীতা বললেন, 'উনি আমার কাকার মেয়ের ভাই'। ভদ্রলোক রীতার কে হন?
(a) ছেলে (b) কাকা (c) শ্বশুর (d) খুড়তুতো ভাই

7. একটি ঘড়িকে যখন আয়নার মধ্য দিয়ে দেখা হয়, সেটিকে তখন 1 : 35 বাজে, সেই সময় সঠিক কটা বেজেছে?
(a) 12 : 35 (b) 11 : 35 (c) 10 : 25 (d) 9 : 25

8. যদি CLEVER-কে লেখা হয় DNHZIX, তবে BANDIT-কে কী লেখা হবে?
(a) AZQHMY (b) CBPGMY (c) CCQHNZ (d) CCPGMZ

9. কোনও মাসের তৃতীয়দিন শুক্রবার হলে, 25 তারিখ কী বার পড়বে?
(a) বুধবার (b) শনিবার (c) বৃহস্পতিবার (d) রবিবার

10. নীচের কোন চিত্রটি সঠিকভাবে টেনিস ফ্যান, ক্রিকেট খেলোয়াড় এবং ছাত্র, এই তিনটি সম্পর্ককে প্রতিফলিত করছে?





### উত্তর

1(b), 2(a), 3(c), 4(d), 5(d), 6(d), 7(c), 8(c), 9(b), 10(a).

**সমাধান:**

1(b):




2(a):

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| bi | nie | pie | ⇒ | Same | good | Jokes |
| nie | bat | lik | ⇒ | Same | real | stories |
| pie | lik | tol | ⇒ | many | good | stories |

Jokes -এর কোড 'bi'.

3(c): 35A 7C 4 B 6 D 15

| | |
|---|---|
| A ⇒ ÷ | B ⇒ × |
| C ⇒ + | D ⇒ − |

চিহ্ন পরিবর্তনের পর $35 \div 7 + 4 \times 6 - 15 = 5 + 24 - 15 = 14$.


4(d): বাকি তিনটি রাজধানী শহর।

5(d): 'HYPOCHONDRIA' শব্দটিকে alphabetical order-এ সাজালে হয়

A C D H H I [N] O O P R Y

বাঁদিক থেকে সপ্তম

6(d):




7(c): বিশেষ দ্রষ্টব্য: সবসময় 11.60 থেকে বিয়োগ করতে হবে।

11 : 60 − 1 : 35 সঠিক সময় ⇒ 10 : 25.

8(c):

| | | | | | |
|---|---|---|---|---|---|
| C | L | E | V | E | R |
| ↓+1 | ↓+2 | ↓+3 | ↓+4 | ↓+5 | ↓+6 |
| D | N | H | Z | J | X |
| B | A | N | D | I | T |
| ↓+1 | ↓+2 | ↓+3 | ↓+4 | ↓+5 | ↓+6 |
| C | C | Q | H | N | Z |


9(b): 3 তারিখ ⇒ শুক্রবার।

(3 + 7) ⇒ 10 তারিখ⇒শুক্রবার, (10 + 7) = 17 তারিখ⇒শুক্রবার।

(17 + 7) = 24 তারিখ ⇒ শুক্রবার।

∴ ওই মাসের 25 তারিখ শনিবার।

10(a):




*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

# যে-কোনও কাজেই চ্যালেঞ্জ নিয়ে সফল হওয়া যায়



কুহেলী বাসু
অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট (পূর্বাঞ্চল)
টাটা ক্যাপিটাল ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড

বাঁকুড়া জেলার বাংলা মিডিয়াম স্কুলে পড়েছি। স্বাভাবিকভাবেই কর্পোরেট সংস্থায় যোগ দেওয়ার জন্য কথ্য ইংরেজি বলায় যেরকম সাবলীলতা প্রয়োজন, তা নিয়ে একটু সমস্যা ছিলই। কলকাতায় এসে স্কটিশ চার্চ কলেজে ভর্তি হই। পরবর্তীকালে যাকে বিয়ে করেছি, তিনি তখন আমার বন্ধু ছিলেন। দুজনেই অর্থনীতি নিয়ে পড়তাম। ঠিক করেছিলাম, প্রতিদিন অর্থনীতির যে-কোনও পাঁচটা টপিক দেখে আসব। তারপর তাই নিয়ে দুজনে ইংরেজিতে আলোচনা করব। এইভাবে ইংরেজি এবং অর্থনীতি দুটো বিষয়ই ভালো করে রপ্ত হয়ে যাবে।

এখন ঘটনা হল, যদি কোনও বিষয় নিয়ে বিতর্ক-আলোচনা করো, তাহলে থামা বা ভাবার সময় থাকে না, যুক্তি সাজিয়ে কথার পিঠে কথা তোমায় বলে যেতেই হবে। ফলে এই পদ্ধতিটি খুব কাজে দিয়েছিল। পরে শিবপুরে ম্যানেজমেন্ট পড়ার সময় বা চাকরির ইন্টারভিউ দেওয়ার সময় আর সমস্যা হয়নি।

বাঙালির ইংরেজি উচ্চারণে একটা বাংলা টান থাকে। এটা খুবই স্বাভাবিক। সারা পৃথিবী জুড়েই বিভিন্ন ভৌগোলিক অঞ্চলে বসবাসকারী মানুষের উচ্চারণ আলাদা হয়। অন্য ভাষা বলার সময় এই টান স্পষ্ট হয়ে ওঠে। এ নিয়ে একেবারেই চিন্তার বা লজ্জার কিছু নেই। আমি এখন সারা দেশে নিয়মিত অফিসের কাজে ঘুরে বেড়াই। কোথাও কোনও অসুবিধা হয়নি। দক্ষিণ ভারতীয়দের দেখেছি, নিজেদের এই বৈশিষ্ট্য নিয়ে বরং গর্ববোধ করে। তাই যা স্বাভাবিক, তাই নিয়ে কুণ্ঠাবোধ কোরো না। বরং বাক্যবিন্যাস যাতে নির্ভুল হয় সেদিকে খেয়াল রাখলেই যথেষ্ট হবে।

## খুঁটিয়ে পড়ো বিজ্ঞাপন

কোনও সংস্থা যখন কোনও কাজের জন্য কর্মী চাইছে জানিয়ে বিজ্ঞাপন দেয়, বেশিরভাগ ছেলেমেয়েই সেই বিজ্ঞাপন খুঁটিয়ে পড়ে না। অথচ বিজ্ঞাপনের বিবরণেই অনেক প্রশ্নের উত্তর লুকিয়ে থাকে। এরপর ইন্টারনেটে সার্চ করলে সেই সংস্থা এবং সংস্থাটি যে-কাজের জন্য কর্মী চেয়েছে, সেই কাজ সম্পর্কেও অনেক তথ্য পাওয়া যাবে।

## 'মেয়েদের কাজ' বলে আলাদা কিছু নেই

মেয়ে বলে সেলসের কাজ করব না, রাস্তায় বেরোব না, এই মানসিকতা সবার আগে বদলানো প্রয়োজন। মফস্‌সল শুধু নয়, ইন্টারভিউ নিতে গিয়ে এমনকী শহরের নামি প্রতিষ্ঠানের মেয়েদেরও এই অজুহাত দিতে দেখেছি। ছেলে বলে এই কাজ করব আর মেয়ে বলে ওই কাজ করব, এই বাছবিচার না করাই ভালো। এইভাবে তুমি নিজেই চাকরি পাওয়ার সম্ভাবনা কমিয়ে ফেলবে।

বেশিরভাগ সংস্থায় সেলস বিভাগেই বেশি কর্মী থাকে। ধরা যাক, সংস্থার এক হাজারটা খালি পদের মধ্যে সাতশোটাই রয়েছে সেলসে। এখন যদি গোঁ ধরে থাকো, কিছুতেই অফিসের বাইরে যাবে না, তাহলে প্রথমেই তোমার চাকরি পাওয়ার সত্তর শতাংশ সম্ভাবনা নষ্ট হয়ে গেল।

কাজেই ছেলেদের কাজ বা মেয়েদের কাজ বলে আলাদা কিছু নেই। যে-কোনও কাজেই চ্যালেঞ্জ নিয়ে সফল হওয়া যায়। তাই নিজের আগ্রহকেই প্রাধান্য দাও। অন্য কোনও মাপকাঠি ধর্তব্যের মধ্যেই রেখো না।

## সিভিতে ধারাবাহিকতা বজায় রাখো

সিভি তোমার সম্পর্কে নিয়োগকারী সংস্থার কর্তৃপক্ষের কাছে অনেক তথ্যই তুলে ধরে। তার কিছু তুমি নিজেই সিভিতে লেখো, বাকিটা লেখার ধাঁচ, নিজেকে প্রকাশের ধরন ইত্যাদি থেকে কর্তৃপক্ষ আন্দাজ করে নেন। ফলে সিভি-কে অত্যন্ত গুরুত্ব দিয়ে তৈরি করতে হবে। বিশেষ ভাবে খেয়াল রাখতে হবে কয়েকটি বিষয়ে। নির্ভুল বানান তার মধ্যে প্রথম। ধারাবাহিকতা বজায় রেখে পর্যায়ক্রমে তথ্য সাজাতে হবে। কোনও কাজের অভিজ্ঞতা থাকলে বা প্রোজেক্ট ইত্যাদি করে থাকলে সেই তালিকা, পড়াশোনার ডিগ্রি ইত্যাদি সবই সাজানো থাকবে বছরের ভিত্তিতে নতুন থেকে পুরোনোর দিকে। অর্থাৎ শেষ যে-কাজ করেছ বা শেষ যে-ডিগ্রি পেয়েছ সেটাই প্রথমে থাকবে।

যদি বছরের হিসেবে কোথাও ফাঁক থাকে— হয়তো পড়াশোনা শেষ হয়ে গিয়েছে কিন্তু দু'বছর কোনও কাজ পাওনি বা দুটো চাকরি ছাড়া এবং পাওয়ার মাঝখানে অনেকটা সময় খালি রয়ে গিয়েছে— এই ফাঁক থাকা খুব নেতিবাচক প্রভাব ফেলে। ফলে সেই সময়ে কোনও শর্ট কোর্স বা প্রোজেক্ট করা থাকলে অবশ্যই উল্লেখ করতে হবে।

## সামাজিকভাবে তুমি কেমন

প্রার্থী সামাজিকভাবে কেমন মানুষ, তার নাগরিক দায়িত্ববোধ, সৌজন্যবোধ, যুক্তিবোধ কীরকম তা বোঝার জন্য এখন সোশ্যাল মিডিয়াকে বেছে নেওয়া হয়। সোশ্যাল মিডিয়ায় প্রার্থী কেমন কমেন্ট করে, কীরকম ছবি পোস্ট করে তা সংস্থা নিজেই হোক বা ভেরিফিকেশন এজেন্সির মাধ্যমে হোক, যাচাই করে নেয়। প্রার্থী কোনওভাবে অসামাজিক গ্রুপ বা কাজের মধ্যে থাকে কিনা দেখা হয়। এইভাবে প্রার্থী সম্পর্কে তথ্য যাচাই করে নেওয়া এখন আবশ্যিক হয়ে গিয়েছে।

> সোশ্যাল মিডিয়ায় প্রার্থী কেমন কমেন্ট করে, কীরকম ছবি পোস্ট করে তা সংস্থা নিজেই হোক বা ভেরিফিকেশন এজেন্সির মাধ্যমে হোক, যাচাই করে নেয়। প্রার্থী কোনওভাবে অসামাজিক গ্রুপ বা কাজের মধ্যে থাকে কিনা দেখা হয়। এইভাবে প্রার্থী সম্পর্কে তথ্য যাচাই করে নেওয়া এখন আবশ্যিক হয়ে গিয়েছে।

## কি-ওয়ার্ড

এখন জব পোর্টাল থেকে অনেক সংস্থাই কর্মী নিয়োগ করে থাকে। জব পোর্টালে নিজের প্রোফাইল তৈরি করার সময় কি-ওয়ার্ড নির্বাচনের দিকে খুব খেয়াল রাখতে হবে। যেমন, হয়তো তুমি কর্পোরেট সেলসের কাজ খুঁজছ, তাহলে তোমার প্রোফাইলে এই শব্দটা অবশ্যই থাকতে হবে। নিজেকে সার্চ করে দেখে নিতে হবে, যাতে 'কর্পোরেট সেলস' লিখে সার্চ দিলে তোমার নামটাই আসে।

## যোগাযোগের মাধ্যম

প্রতিটি সংস্থার নিয়োগ পদ্ধতি আলাদা হয়। কোনও সংস্থা হয়তো তোমায় ফোন করে জানাবে ইন্টারভিউয়ের কথা। অনেকে ই-মেল করেই যাবতীয় যোগাযোগ, তথ্য আদানপ্রদানের কাজ করে। তোমাকে খেয়াল রাখতে হবে যে, সংস্থা যে-মাধ্যমে যোগাযোগ রাখছে, তোমাকেও সেই মাধ্যম ব্যবহার করতে হবে। তোমাকে যে-সংস্থা মেল করেছে সেখানে যদি ফোন করো, তারা ভাবতে পারে যে, প্রার্থী ঠিকভাবে বুঝতেই পারছে না সংস্থাটি কীভাবে চলে। ফলে বাতিল বা অপছন্দের তালিকায় পড়ে যাওয়ার সম্ভাবনা থাকে।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
shine
Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA
Companies Recruiting This Week

PS AVIATION
Company: PS AVIATION ACADEMY PVT.LTD
Position Title: Ground staff and Cabin Crew
Experience, Location: Fresher ,Kolkata , Delhi,Vizag
Profile: Hiring Fresher Candidates for International and domestic Airlines. Qualification minimum 12th Passed Starting salary for cabin crew-30000 to 35000 pm. Ground staff- 15000 to 19000 pm. Age limit for cabin crew -18 to 26.Age limit for Ground staff -18 to 28.Male female both can apply. Contact no-8240117926/ 9007421046
To apply for this job, log on to www.shine.com and search using 9720038 as keyword.

MET Technologies Pvt Ltd
Company: MET TECHNOLOGIES PVT LTD
Position Title: Customer Care Executive, Kolkata
Experience, Location: Both Fresher & Experienced, Kolkata
Profile: MET Technology is hiring for CCE Domestic Outbound Sales Process. Salary 8k-10k (Freshers) Hike for Experienced candidates as per performance in the interview. Shift: 10am-7pm Requirements: H.S Pass + Hindi and Bengali Fluency. Contact HR number: 6290829812/8617211828/9073930246 Email:bahnisikha.mukherjee@met-technologies.com
To apply for this job, log on to www.shine.com and search using 9720038 as keyword.

webqanet
Company: WEBQANET TECHNOLOGIES PVT LTD
Position Title: Sr.Web consultant, Web consultant
Experience, Location: Experienced and Freshers, Kolkata
Profile: Urgent opening for Web consultant in Website Campaign for morning/day shift. Shift timing - 8.00a.m.- 5.00p.m. Edu- minimum 10th Pass with fluency in English. We do provide fixed salary and incentives on the basis of performance. Walk-In NP 529, Nayapatty, Purba Para, Sector V, Kolkata, Call 8777413618 / 8777051939 or Mail : info@webqanet.com
To apply for this job, log on to www.shine.com

GLOBAL INDIA CONSULTANTS
Company: GLOBAL INDIA CONSULTANTS
Position Title: Female Telecaller-Cum-HR Executive
Experience, Location: 6 Months-1 Year Experienced , Kolkata
Profile: Urgently wanted Female Telecaller-Cum-HR Executive near Baguiati. Fixed Salary, No Target. Age Upto 35 Years. Job Profile: Telecalling, HR Recruitment for our own Job Placement Office. Exp- 6 Months-1 Year. Walk-In - Global India Consultants, GA, R.G.Tower,Phase-III, VIP Enclave, Raghunathpur, Kol-700059 (Opp to VIP Bigbazaar). Email: gic525@hotmail.com. Call or Whatsapp : Tikam Jain : 9331160512
To apply for this job, log on to www.shine.com

SUPRO INFO SOLUTIONS PRIVATE LIMITED
Company: SUPRO INFO SOLUTIONS PRIVATE LIMITED
Position Title: Business Development Manager
Experience, Location: Min 1 Year Experience, Kolkata
Profile: We have scheduled Walk-in drive for Business Development Manager for Agency. Age Between 21 to 35 years- 1 years experience in Sales & Marketing- Local Candidate Requirement. Recruitment of sales advisory and generating sales leads and product promotional strategy.
To apply for this job, log on to www.shine.com and search using 9926147 as keyword.

XPERT CONEXIONS
Company: Xpert Conexions
Position Title: Sales Manager - PPDC
Experience, Location: 3 yr - 8 yr, Kolkata
Profile: Urgent opening for profile "Sales Manager" For Kolkata - Division/ Department Sales/ PPDC. Job Title Sales Manager - PPDC. Job Level/Grade Sr. Executive/ Assistant.
To apply for this job, log on to www.shine.com and search using 9920379 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*
*Not for Candidates
shine.com
Great careers start here

Sales Executive
We are a renowned Hearing company in Kolkata looking for smart graduates with at least two years of experience in Sales. The candidate will be responsible for sourcing new business and must have prior experience in dealing with medical professionals. Salary at par with industry standards.
Email CV to: jobs.ccsaha@gmail.com

Enterprise Development Institute
NETAJI SUBHAS OPEN UNIVERSITY
Study Centre (P-01)
Plot-IB-194, Sector-III, Salt Lake, Kolkata-700106 (beside Columbia Asia Hospital)
E-mail: edikolkata.bncci@gmail.com Website- www.edikolkata.com
Admission going on for JULY, 2019 Session
- Post Graduate Diploma in Export-Import Management (One year)
- Post Graduate Diploma in Travel & Tourism (One year)
- Certificate in e-Accounting & Taxation with GST (6 months)
- Diploma in Entrepreneurship Development & Small Business Management (One year)

Documents required for admission: 3 Copies of recent passport size photograph, Self-attested photocopy of Proof of Date of Birth and Educational Qualification.
◇ Class sessions on Sunday only ◇ Modern ICT enabled support service ◇ Open Education Resources ◇ Modern AC classroom ◇ Faculty from Academia & Industry / Professionals ◇ Industrial Visit ◇ Interaction with Entrepreneurs & promotional agencies ◇ Special workshops / Seminars / Trade Fair
Contact : 033-2335-7258 / 2335-7681 / (M) 89020-33799 (10am to 6pm)

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# বেসিলে ১১০০

*প্রথম পাতার পর*

**স্কিল্ড ম্যানপাওয়ার:** শূন্যপদ: ৪০০টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা ওয়্যারম্যান ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট। উচ্চতর ডিগ্রি বা ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। পাশাপাশি, ইলেক্ট্রিক্যাল সেফটি বিষয়ে ওভারহেড সার্টিফিকেট থাকতে হবে। এ ছাড়া ইলেক্ট্রিক্যাল বিষয়ে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। প্রার্থীর অবশ্যই ইংরেজি ও হিন্দি লিখতে ও পড়তে জানা চাই। **বয়স:** কাজে যোগদানের দিন ৪৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৯,৩৮১.০৬ টাকা।

**আন-স্কিল্ড ম্যানপাওয়ার:** শূন্যপদ: ৭০০টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বোর্ড থেকে ক্লাস এইট পাশ। এছাড়া ইলেক্ট্রিক্যাল বিষয়ে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। প্রার্থীর অবশ্যই হিন্দি লিখতে ও পড়তে এবং ইংরেজি পড়তে জানা চাই। **বয়স:** কাজে যোগদানের দিন ৫৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৭,৬১৩.৪২ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.becil.com পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓পাঁচ কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। বাকি চারটি ফটো স্বপ্রত্যয়িত করে দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
✓ফি বাবদ ৫০০ টাকার (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা) ডিমান্ড ড্রাফট। ডিমান্ড ড্রাফটটি 'BROADCAST ENGINEERING CONSULTANTS INDIA LIMITED'-এর অনুকূলে নয়াদিল্লিতে প্রদেয় হতে হবে।
✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓প্যান বা আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
✓ক্যানসেল চেক, ব্যাঙ্ক-পাসবুকের স্বপ্রত্যয়িত নকল।
✓বাড়ির মালিকের নাম ও ফোন নম্বর-সহ স্থায়ী বাসস্থানের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেট অথবা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓পূর্বের সব ক'টি সংস্থার অ্যাপয়েন্টমেন্ট লেটার, ই পি এফ অথবা ই এস আই সি কার্ডের (থাকলে) স্বপ্রত্যয়িত নকল।

যথাযথ ভাবে পূরণ করা দরখাস্ত ২৪ জুনের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Shri Awadhesh Pandit, Dy. General Manager (F&A), Broadcast Engineering Consultants India Limited, BECIL Bhawan, C-56/A-17, Sector-62, Noida-201 307. Uttar Pradesh. খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.becil.com

# সায়েন্স সিটি-তে ট্রেনি

*প্রথম পাতার পর*

বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.sciencecitykolkata.org.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

প্রয়োজনীয় নথিপত্রের মূল ও স্বপ্রত্যয়িত নকল-সহ আবেদনপত্র সঙ্গে নিয়ে ২৮ জুন সকাল সাড়ে ৮টার মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। সংস্থার ঠিকানা: Science City (National Council of Science Museums), Ministry of Culture, Government of India, J.B.S. Haldane Avenue, Kolkata-700 046.

## পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓প্রার্থীর এক কপি স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
✓প্রার্থীর বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভাবা অ্যাটমিক রিসার্চে ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট

*প্রথম পাতার পর*

নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (৩০ নম্বর) ও ইংরেজি (৩০ নম্বর) বিষয়ে। উভয় ক্ষেত্রেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruit.barc.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১ জুলাই। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত জমা দেওয়ার পর অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না। যথাযথভাবে দরখাস্ত সাবমিট করার পরে পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে।

# নেহরু যুব কেন্দ্র সংগঠনে ৩৩১

*প্রথম পাতার পর*

১৭টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য ১টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি বা এম সি এ বা বি ই। এর পাশাপাশি সফটওয়্যার প্রোগ্রাম ডেভেলপমেন্ট ও ডিজাইনিংয়ের কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকলে বা রাজীব গান্ধী ন্যাশনাল ইনস্টিটিউট অব ইউথ ডেভেলপমেন্ট থেকে যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স করে থাকলে অগ্রাধিকার। বয়স: ১-১-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট:** ৩৮টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য ২টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ৪টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে অ্যাডমিনিস্ট্রেশন ও অ্যাকাউন্টস-সংক্রান্ত কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে কাজ করার অভিজ্ঞতা থাকলে, রাজীব গান্ধী ন্যাশনাল ইনস্টিটিউট অব ইউথ ডেভেলপমেন্ট থেকে যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স করে থাকলে অগ্রাধিকার। বয়স: দরখাস্তের শেষ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**স্টেনোগ্রাফার গ্রেড-টু:** ২৩টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য ১টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে স্টেনোগ্রাফিতে ইংরেজিতে প্রতি মিনিটে ১০০টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৮০টি শব্দের দ্রুততা এবং কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৪০টি শব্দ বা হিন্দিতে মিনিটে ২৫টি শব্দ টাইপিংয়ের দক্ষতা থাকতে হবে। কম্পিউটারে কাজ করার দক্ষতা থাকতে হবে। রাজীব গান্ধী ন্যাশনাল ইনস্টিটিউট অব ইউথ ডেভেলপমেন্ট থেকে যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স করে থাকলে অগ্রাধিকার। বয়স: দরখাস্তের শেষ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**অ্যাকাউন্টস ক্লার্ক-কাম-টাইপিস্ট:** ৫৮টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৬, আর্থিকভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য ২টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ৬টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: বি কম। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে অ্যাকাউন্টসের কাজে ২ বছরের অভিজ্ঞতা। উভয় ক্ষেত্রেই ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ২৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে এবং কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে জ্ঞান থাকতে হবে। রাজীব গান্ধী ন্যাশনাল ইনস্টিটিউট অব ইউথ ডেভেলপমেন্ট থেকে যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স করে থাকলে, ন্যাশনাল সার্ভিস ভলান্টিয়ার বা রাষ্ট্রীয় সম্ভাবনা যোজনা ভলান্টিয়ার বা ন্যাশনাল ইউথ ক্যর ভলান্টিয়ার হিসেবে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: দরখাস্তের শেষ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

**লোয়ার ডিভিশন ক্লার্ক:** ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে টাইপরাইটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ২৫টি শব্দ অথবা কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বয়স: দরখাস্তের শেষ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**মাল্টি টাস্কিং স্টাফ:** ২৩টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য ১টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। হোম গার্ড এবং সিভিল ডিফেন্সে বেসিক অ্যান্ড রিফ্রেশার কোর্স করে থাকলে, ন্যাশনাল সার্ভিস ভলান্টিয়ার বা রাষ্ট্রীয় সম্ভাবনা যোজনা ভলান্টিয়ার বা ন্যাশনাল ইউথ ক্যর ভলান্টিয়ার হিসেবে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: দরখাস্তের শেষ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে পার্সোন্যাল ইন্টারভিউ, টাইপিং স্কিল ও স্টেনোগ্রাফি টেস্টের মাধ্যমে। ডিস্ট্রিক্ট ইউথ কোঅর্ডিনেটর পদের ক্ষেত্রে প্রশ্ন হবে রিজনিং, জেনারেল নলেজ, ইংরেজি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ইন্ডিয়ান ইকনমি, সোশ্যাল, কালচারাল, লিগাল অ্যান্ড পলিটিক্যাল এনভায়রনমেন্ট, কমিউনিটি অ্যান্ড ইউথ ডেভেলপমেন্ট প্রোগ্রাম বিষয়ে। অ্যাকাউন্টস ক্লার্ক পদের ক্ষেত্রে প্রশ্ন হবে রিজনিং, অ্যাকাউন্টেন্সি, ইংরেজি, কম্পিউটার নলেজ এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে। মাল্টি টাস্কিং স্টাফ, লোয়ার ডিভিশন ক্লার্ক এবং অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস, জেনারেল ইংলিশ এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে প্রশ্ন হবে। উপরোক্ত বিষয় ছাড়াও স্টেনোগ্রাফার এবং জুনিয়র কম্পিউটার প্রোগ্রামার পদের ক্ষেত্রে অতিরিক্ত সংশ্লিষ্ট বিষয়ে প্রশ্ন হবে। সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র বৃহত্তর কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nyks.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ৭০০ টাকা (মহিলাদের ক্ষেত্রে ৩৫০ টাকা)। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ত্রো), ইন্টারনেট ব্যাঙ্কিং, আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস), ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

এই নিয়োগের দরখাস্ত-গ্রহণ প্রক্রিয়া এখনও শুরু হয়নি। আগ্রহী প্রার্থীরা খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# মিসলেনিয়াস সার্ভিসেস এক্সামিনেশনের মাধ্যমে রাজ্যে কয়েকশো অফিসার

*প্রথম পাতার পর*

অ্যাসিস্ট্যান্ট এগ্রিকালচারাল মার্কেটিং অফিসার, (৭) অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রাম অফিসার, (৮) কন্ট্রোলার অব কারেকশনাল সার্ভিসেস, (৯) ইন্সপেক্টর অব এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স, (১০) কনজিউমার ওয়েলফেয়ার অফিসার, (১১) সেভিং ডেভেলপমেন্ট অফিসার, (১২) ওয়েস্ট বেঙ্গল সাবঅর্ডিনেট লেবার সার্ভিসের বিবিধ পদে, (১৩) অডিটর অব কো-অপারেটিভ সোসাইটিজ, (১৪) অ্যাসিস্ট্যান্ট অডিটর, বোর্ড অব রেভেনিউ, (১৫) এক্সটেনশন অফিসার, মাস এডুকেশন এক্সটেনশন, (১৬) লেডি এক্সটেনশন অফিসার, মাস এডুকেশন এক্সটেনশন, (১৭) অ্যাসিস্ট্যান্ট কন্ট্রোলার অব কারেকশনাল সার্ভিসেস, (১৮) ইনভেস্টিগেটিং ইন্সপেক্টর এবং (১৯) রেভেনিউ ইন্সপেক্টর।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ২০ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে। পশ্চিমবঙ্গের তফসিলিরা ৫ এবং বি সি প্রার্থীরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদনের যোগ্য।

**বেতনক্রম:** ৭,১০০-৩৭,৬০০ টাকা। পদ অনুসারে গ্রেড পে ৩,৬০০-৩,৯০০ টাকা।

জাতীয় স্কুল গেমস, ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতা, জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দক্ষ খেলোয়াড়দের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে। খেলোয়াড় নিয়োগ করা হবে খেলাধুলার এইসব ডিসিপ্লিন থেকে: অ্যাথলেটিক্স-ট্র্যাক ও ফিল্ড ইভেন্টস-সহ, ব্যাডমিন্টন, বাস্কেটবল, ক্রিকেট, ফুটবল, হকি, সুইমিং, টেবিল টেনিস, ভলিবল, টেনিস, ওয়েটলিফটিং, রেসলিং, বক্সিং, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শুটিং, কবাডি এবং খো-খো।

প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি এক্সামিনেশন, ফাইনাল এক্সামিনেশন এবং পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। মনে রাখবেন, প্রিলিমিনারি পরীক্ষা শুধুমাত্র একটি স্ক্রিনিং টেস্ট। এতে পাওয়া নম্বর চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য গণ্য হবে না। এই পরীক্ষায় সফল হলে লিখিত ফাইনাল পরীক্ষায় বসার ছাড়পত্র পাওয়া যাবে। ফাইনাল পরীক্ষায় সফল হলে নেওয়া হবে পার্সোন্যালিটি টেস্ট। ফাইনাল এবং পার্সোন্যালিটি টেস্টে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতেই চূড়ান্ত মেধাতালিকা তৈরি হবে।

প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে কোড নম্বর): কলকাতা (০১), বারুইপুর (০২), ডায়মন্ড হারবার (০৩), ব্যারাকপুর (০৪), বারাসাত (০৫), কৃষ্ণনগর (০৬), হাওড়া (০৭), চুঁচুড়া (০৮), বর্ধমান (০৯), আসানসোল (১০), পুরুলিয়া (১১), মেদিনীপুর (১২), তমলুক (১৩), ঝাড়গ্রাম (১৪), বাঁকুড়া (১৫), সিউড়ি (১৬), বহরমপুর (১৭), মালদা (১৮), বালুরঘাট (১৯), রায়গঞ্জ (২০), জলপাইগুড়ি (২১), আলিপুরদুয়ার (২২), কোচবিহার (২৩), শিলিগুড়ি (২৪), কালিম্পং (২৫) এবং দার্জিলিং (২৬)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১ জুলাই পর্যন্ত। অনলাইন দরখাস্ত করার আগে 'ওয়ান টাইম এনরোলমেন্ট' করতে হবে। যদি আগেই এনরোলমেন্ট করিয়ে থাকেন তবে নতুন করে এনরোলমেন্ট করানোর দরকার নেই। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো ও কালো কালিতে করা সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১৬০ টাকা। সার্ভিস চার্জ অতিরিক্ত। অনলাইন এবং অফলাইন— দু'রকম ব্যবস্থাতেই ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অফলাইন ব্যবস্থায় ফি জমা দিতে চাইলে উপরোক্ত ওয়েবসাইট থেকে চালান ডাউনলোড করতে হবে ১ জুলাইয়ের মধ্যে এবং ব্যাঙ্ক কাউন্টারে পূরণ করা চালান-সহ নগদে ফি জমা দিতে হবে ২ জুলাইয়ের মধ্যে। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি দিতে হবে না।

আগ্রহীরা খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: www.pscwbonline.gov.in প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টার মধ্যে ফোন করতে পারেন এই নম্বরে: ৪০০৩-৫১০৪ (অনলাইন ফিয়ের বিষয়ে), ২২৬২-৪১৮১ (অফলাইন ফিয়ের বিষয়ে)। হেল্প ডেস্ক: ৯৮৩৬২-১৯৯৯৪, ৯৮৩৬২-৮৯৯৯৪ এবং ৯০৭৩৯-৫৩৮২০।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কী পড়বেন, কোথায় পড়বেন**

# ই ডি আইয়ে একগুচ্ছ পেশাদারি কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** একগুচ্ছ পেশাদারি কোর্সে ভর্তি নিচ্ছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে পরিচালিত হবে কোর্সগুলি।

কোর্স, মেয়াদ, শিক্ষাগত যোগ্যতা ও ফি এরকম: **ডিজিটাল মার্কেটিং:** ৩ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। ফি ১৫,০০০ টাকা।

**প্যাকেজিং ম্যানেজমেন্ট:** ৩ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। ফি ২৫,০০০ টাকা।

**ফার্মাসিউটিক্যাল ম্যানেজমেন্ট:** ৩ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। ফি ১২,০০০ টাকা।

**সোলার ইলেক্ট্রিক ইনস্টলেশন অ্যান্ড বিজনেস:** ৩ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। ফি ১২,০০০ টাকা।

**আনআর্মড সিকিউরিটি গার্ড:** ৩ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। ফি ১২,০০০ টাকা।

**ই আর পি (এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং):** ৩ মাসের কোর্স। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। ফি ১৮,০০০ টাকা।

**ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন উইথ জি এস টি:** ৬ মাসের কোর্স। অন্তত স্নাতক কোর্স পড়ছেন এমন প্রার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। ফি ৬,০০০ টাকা।

**এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্ট:** এটি ১ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই কোর্সটি পড়তে পারেন। ফি ১৬,৫০০ টাকা।

**ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম:** ১ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স। শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট। ফি ১৬,০০০ টাকা।

**এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্ট:** ১ বছরের ডিপ্লোমা কোর্স। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। ফি ১২,০০০ টাকা।

ই আর পি এবং ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন উইথ জি এস টি ছাড়া অন্য সবক'টি কোর্সের ক্ষেত্রেই থাকবে ইন্ডাস্ট্রিয়াল ভিজিট। ক্লাস হবে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে।

সবক'টি কোর্সেই ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। ২০০ টাকার বিনিময়ে প্রসপেক্টাস-সহ ভর্তির ফর্ম কিনতে পাওয়া যাচ্ছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট থেকে। ভর্তির জন্য প্রয়োজন হবে ৩ কপি পাসপোর্ট মাপের ফটো এবং বয়স ও শিক্ষাগত যোগ্যতার স্বপ্রত্যয়িত প্রতিলিপি। ভর্তির শেষ তারিখ ৩০ জুন।

যোগাযোগের ঠিকানা: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আই বি-১৯৪, সেক্টর-থ্রি, সল্টলেক (কলম্বিয়া-এশিয়া হসপিটালের কাছে), কলকাতা-৭০০ ১০৬। ফোন: ২৩৩৫-৭৬৮১, ২৩৩৫-৭২৫৮, ৮৯০২০-৩৩৭৯৯। ওয়েবসাইট: www.edikolkata.com

# কনস্ট্রাকশন সুপারভাইজার কোর্সে ভর্তি

**নিজস্ব প্রতিনিধি:** কনস্ট্রাকশন সুপারভাইজার কোর্সে ভর্তি নিচ্ছে অ্যাসোসিয়েশন অব ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)। ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত এক বছরের কোর্সটি দু'টি মডিউলে বিভক্ত। প্রথমটি অর্ডিনারি তথা 'ও' লেভেল কোর্স। দ্বিতীয়টি অ্যাডভান্সড বা 'এ' লেভেল কোর্স। কোর্স শেষে ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশনের সার্টিফিকেট পাওয়া যাবে। অন্তত মাধ্যমিক পাশ হলে ভর্তির জন্য আবেদন করা যাবে।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, এই কোর্সে সিভিল কনস্ট্রাকশনের কাজের প্রশিক্ষণ দেওয়া হয়। বড় নির্মাণ প্রকল্পে প্রশিক্ষিতদের চাকরির ভালো সুযোগ রয়েছে।

প্রতি মডিউলের ফি ৬,৫০০ টাকা। অর্থাৎ ১ বছরের মোট ফি ১৩,০০০ টাকা।

ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। ভর্তির জন্য যোগাযোগের ঠিকানা: অ্যাসোসিয়েশন অব ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া), আই এ-১১, সল্টলেক (১৩ নম্বর জলের ট্যাঙ্কের কাছে), সেক্টর-থ্রি, কলকাতা-৭০০ ০৯৭।

# স্কলারশিপের খোঁজখবর

## উজ্জ্বল ভবিষ্য স্কলারশিপ ২০১৯-২০

দশম শ্রেণি উত্তীর্ণ এবং আর্থিকভাবে অনগ্রসর ৫০০ ছাত্রছাত্রীকে উচ্চশিক্ষার্থে স্কলারশিপ দিচ্ছে ভি-মার্ট। নির্বাচিত ছাত্রছাত্রীদের স্কলারশিপ বাবদ দেওয়া হবে ১০,০০০ টাকা। **আবেদনের যোগ্যতা:** ২০১৯ সালে অন্তত ৭৫ শতাংশ নম্বর-সহ দশম শ্রেণি পাশ। বয়স হতে হবে ১৪ থেকে ১৬ বছরের মধ্যে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ২ লাখের নীচে। আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/UBS9 আবেদনের শেষ তারিখ ৩০ জুন।

## লরিয়েল ইন্ডিয়া ফর ইয়ং উইমেন ইন সায়েন্স স্কলারশিপ ২০১৯

বিজ্ঞানের যে-কোনও শাখায় স্নাতক কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে লরিয়েল ইন্ডিয়া। সর্বাধিক ২,৫০,০০০ টাকা দেওয়া হবে স্কলারশিপ বাবদ।

**আবেদনের যোগ্যতা:** ২০১৮-১৯ শিক্ষাবর্ষে অন্তত ৮৫ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স বা বায়োলজি পড়ে থাকতে হবে। ৩১-৫-২০১৯ তারিখে বয়স হতে হবে ১৯ বছরের মধ্যে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৪ লাখের নীচে।

আবেদন করা যাবে অনলাইন-অফলাইন উভয়ভাবেই। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/LIF9 আবেদনের শেষ তারিখ ১ জুলাই। অথবা আবেদনের ফর্ম ডাউনলোড করে নিতে পারেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনের ফর্ম ডাকে ১ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: L'Oreal India, The Scholarship Cell, C/O Buddy4Study, Stellar IT Park, C-25, Office No.8,9 & 10 Tower-A, Ground floor, Sector 62, Noida, Uttar Pradesh-201301 India.

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

# রুরকিতে র‍্যালির মাধ্যমে সেনাবাহিনীতে সোলজার

র‍্যালির মাধ্যমে বিভিন্ন ক্যাটেগরিতে বেশ কিছু সোলজার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। জাতীয় ও আন্তর্জাতিক স্তরের খেলোয়াড়, সমরকর্মী ও প্রাক্তন সমরকর্মীদের ছেলে ও নিজের ভাই এবং যুদ্ধে নিহত সমরকর্মীদের ছেলেরা এই র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। নিয়োগ হবে রুরকির বেঙ্গল ইঞ্জিনিয়ার গ্রুপ অ্যান্ড সেন্টারে। র‍্যালি আয়োজিত হবে ২২ থেকে ২৬ জুলাই, রুরকিতে। পশ্চিমবঙ্গের প্রার্থীদের র‍্যালি ২৫ জুলাই, এছাড়াও বাদ্যযন্ত্র বাজানোয় বিশেষ দক্ষতা থাকলে সোলজার ট্রেডসম্যান (মিউজিশিয়ান) ক্যাটেগরির র‍্যালিতে অংশগ্রহণ করা যাবে ২৬ জুলাই। নিয়োগ হবে এইসব ক্যাটেগরিতে: সোলজার জেনারেল ডিউটি, সোলজার টেকনিক্যাল, সোলজার ট্রেডসম্যান, সোলজার ক্লার্ক/স্টোরকিপার।

মাধ্যমিক যোগ্যতায় সোলজার ট্রেডসম্যান নিয়োগ হবে ওয়াশারম্যান, সাপোর্ট স্টাফ, শেফ, ড্রেসার, টেলর, মিউজিশিয়ান ও স্টুয়ার্ড ট্রেডে। ক্লাস এইট পাশ যোগ্যতায় ট্রেডসম্যান নিয়োগ হবে হাউসকিপার ট্রেডে।

ক্যাটেগরি অনুসারে শিক্ষাগত যোগ্যতা: **সোলজার জেনারেল ডিউটি:** প্রতিটি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ এবং মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক।

**সোলজার টেকনিক্যাল:** ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স ও ইংরেজি নিয়ে উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৫০ শতাংশ এবং প্রতিটি বিষয়ে ৪০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার ট্রেডসম্যান:** হাউসকিপার ট্রেডের ক্ষেত্রে ক্লাস এইট পাশ। অন্য ট্রেডগুলির ক্ষেত্রে মাধ্যমিক। প্রতিটি বিষয়ে ৩৩ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার ক্লার্ক/স্টোরকিপার:** মোট অন্তত ৬০ শতাংশ এবং প্রতি বিষয়ে ৫০ শতাংশ নম্বর-সহ আর্টস বা কমার্স বা সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ইংরেজি এবং ম্যাথমেটিক্স বা অ্যাকাউন্টেন্সি বা বুক কিপিংয়ে ৫০ শতাংশ নম্বর থাকতেই হবে।

**বয়স:** সোলজার জেনারেল ডিউটি ক্যাটেগরির ক্ষেত্রে সাড়ে ১৭ থেকে ২১ বছর এবং অন্যান্য ক্যাটেগরির ক্ষেত্রে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

যাবতীয় নথিপত্র এবং নির্দিষ্ট বয়ানে এফিডেভিট-সহ নির্দিষ্ট দিন সকাল সাড়ে ৪টে থেকে সাড়ে ৫টার মধ্যে র‍্যালিকেন্দ্রে হাজির থাকতে হবে। র‍্যালি কেন্দ্রের ঠিকানা: সেন্টিনারি প্যাভিলিয়ন গ্রাউন্ড, বেঙ্গল ইঞ্জিনিয়ার গ্রুপ অ্যান্ড সেন্টার, রুরকি।

র‍্যালির জন্য প্রয়োজনীয় নথিপত্রের তালিকা এবং এফিডেভিটের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.joinindianarmy.nic.in প্রয়োজনে ফোনে যোগাযোগ করতে পারেন এই হেল্প লাইন নম্বরে: ০১৩৩২২৭৫৬৫২।


পশ্চিমবঙ্গ সরকার
ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তর
UNDER STATE YOUTH CENTRE, MOULALI
VOCATIONAL TRAINING INSTITUTE
Department of YOUTH SERVICE & SPORTS (Youth Services Wing), Govt. of West Bengal & WB URBAN ACADEMY-একটি যৌথ উদ্যোগ
মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের আবেদন গ্রাহ্য হবে

| ADVANCE DIPLOMA/DIPLOMA | | | CERTIFICATE | | |
|---|---|---|---|---|---|
| COURSE | DURATION | AMOUNT | COURSE | DURATION | AMOUNT |
| INTERIOR DECORATING & DESIGN | 18 Months | 10,100/- | TEXTILE DESIGNING | 6 Months | 2,500/- |
| FASHION DESIGNING | 18 Months | 8,150/- | BEAUTICIAN | 6 Months | 2,100/- |
| COMPUTER HARDWARE & NETWORKING | 12 Months | 5,000/- | AIR CONDITION & REFRIGERATOR ENGINEERING | 6 Months | 2,500/- |
| TELEPHONE & MOBILE REPAIRING | 12 Months | 5,000/- | ANCHORING | 6 Months | 2,100/- |
| STILL PHOTOGRAPHY | 12 Months | 3,350/- | ELECTRICAL/ ELECTRONICS EQUIPMENT SERVICE & REPAIRING | 6 Months | 2,500/- |

সমস্ত কোর্সের টাকা মাসিক কিস্তিতে দেওয়ার সুবিধা আছে।

MOULALI :
New Campus - 53, Sir Nilratan Sircar Sarani (Creek Row), IMA Building Gr. Floor, (Behind GD Hospital, Lenin Sarani & From Moulali towards Subodh Mallick Square through Creek Row) Kolkata - 700 014, Bus Stop Taltala. Ph. : 9874126490 / 9433153569 / 9831974348
DURGAPUR :
2nd Administrative Building, City Centre, Ph. : 0343 2544432 / 7074036478
HOWRAH :
158/11, 158/12, Bellious Road (Near Pusposree Cinema) Hazra Building, Howrah - 711101
Ph.: 9230704344/9143163495/9433045288
SOUTH KOLKATA YOUTH VOCATIONAL TRAINING CENTRE
Kalikapur, Embyepass, Avisikta, 3 No. Hospital Road, 1st Lane Connector (Near Hdfc/Bandu Tirtha Club) Kol-78, Ph. : 8240425239
ভর্তি চলিতেছে | ভর্তি চলিতেছে



নিশ্চিত চাকুরি মুখী কোর্স
যোগ্যতা মাধ্যমিক / উচ্চমাধ্যমিক (এ বছরের পরীক্ষার্থীরাও eligible)

| COURSES | BASIC | ADVANCE |
|---|---|---|
| ☆ MOBILE REPAIRING (Android / I-Phone) | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ HARDWARE & NETWORKING (Laptop / printer) | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ TOURISM MANAGEMENT | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ JOURNALISM & MASS COMMUNICATION | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ FASHION / JEWELLERY / INTERIOR | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ RETAIL / OFFICE MANAGEMENT | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ NURSING / PARA MEDICAL ( MLT , X-RAY , OTT, PT ) | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ MEDICAL SALES REPRESENTATIVE | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |

☆ 100% job opportunity.
☆ Free Educational Kit
☆ স্বল্প খরচে হোস্টেলের সুবিধা & Special Classes For IELTS / TOEFL
☆ কোর্সের শেষে দেশে ও বিদেশে চাকরির সুযোগ
☆ ভারত সরকারের UGC / MHRD দ্বারা স্বীকৃত কোর্স
FREE SPOKEN ENGLISH
Tutorial Section
VIII/X/XII Fail ? ১ বছরে NIOS (Govt.) বোর্ড থেকে পাশ করুন।
১ চান্সে পাশ করুন (Distance / Reguler)
B.A / B.Sc / B.Com / M.A / M.Sc / M.Com / BBA / BCA / B.Tech / MBA / PHARMACY / B.ED / LLB / BLIS
NEET / JEE ( MAIN + ADVANCE )
CAT , MAT , GMAT , CLAT , JENPAUH
Mindmine
Institute For Skill Training (MIST)
Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 )
+ মৌলালী (Taltala) + ঠাকুরপুকুর (Joka)
@7595077657 @7595077656